দৈনিক বরিশাল বার্তা

বরিশাল ॥ শনিবার ॥ ৮ এপ্রিল ২০০৬ ॥ ২৫ চৈত্র ১৪১২

# নলছিটিতে ঘূর্ণিঝড়ে নিহতদের স্বজনদের মাঝে অনুদান বিতরণ

এইচএম আখতারুজ্জামান, নলছিটি থেকে

নলছিটি উপজেলায় ভয়াবহ ঘূর্ণিঝড়ে নিহত এবং ক্ষতিগ্রস্তদের মাঝে বৃহস্পতিবার বিকালে ঝালকাঠির জেলা প্রশাসক আবু তালেব মোল্লা ১২ হাজার, সিদ্ধকাঠি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নুরুল আলম ১০ হাজার টাকা অনুদান বিতরন করেন। ঘূর্ণিঝড়ে একই পরিবারের সস্ত্রীক নিহত খবির উদ্দিনের (৭০) পুত্রের কাছে জেলা প্রশাসক নগদ ১২ হাজার টাকা তুলে দেন। এ সময় জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা বিএনপি সভাপতি মো. নূরুল আলম গিয়াস, কুশঙ্গল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. আশ্রাব আলী হাওলাদার সঙ্গে ছিলেন। বুধবার রাত সাড়ে ১২টার দিকে আকস্মিক ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত ৯টি গ্রামের পাঁচ শতাধিক বাড়িঘর, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে জেলা প্রশাসক আরো সাহায্য প্রদানের আশ্বাস দেন। দূর্যোগকবলিত এলাকার হাজার হাজার মানুষ আশ্রয়হীন হয়ে পড়েছে। ওই এলাকায় জেলা প্রশাসনের ১২ হাজার টাকা এবং সিদ্ধকাঠি ইউনিয়ন পরিষদ

দ্বিতীয় পাতায় ১ম কলাম দেখুন

## নলছিটিতে ঘূর্ণিঝড়ে

চেয়ারম্যানের ১০ হাজার টাকা এখন পর্যন্ত বিতরণ করা হয়েছে। স্থানীয় দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ও জেডিএস ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরি করলেও সাহায্য করেনি।

# ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত নলছিটির গ্রামগুলো বিভিন্ন এনজিওর পরিদর্শন

নলছিটি প্রতিনিধি

নলছিটি উপজেলায় ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত ফয়রা, মুখিয়া, সরমহল, অভয়নীল, প্রতাব, আজিমপুর গ্রামগুলো গত বৃহস্পতিবার বেসরকারি উন্নয়নসংস্থা দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ও ঝালকাঠি ডেভেলপমেন্ট সোসাইটি (জেডিএস) পরিদর্শন করে। ওই সংস্থার প্রতিনিধিরা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের তালিকা সংগ্রহ করেন। এছাড়া সিদ্ধকাঠি ইউপিচেয়ারম্যান, মোঃ নূরুল আলম গিয়াস মাঝি ১০ হাজার টাকা অনুদান দেন।

দৈনিক প্রতিকণ্ঠ


দুমাউস

DMUS

**DUSTHA MANAB UNNAYAN SOCIETY-DMUS**

**(দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি-দুমাউস)**

**Puran Post office Road, Nalcity, Jhalakati**

দুমাউস আপনার সেবায়.........................................

এখানের অসহায়, সুবিধা বঞ্চিত, হতদরিদ্র এবং প্রতিবন্ধী জনগোষ্ঠী উন্নয়নে ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর, কাঠালিয়া উপজেলায় গ্রামীণ ক্ষুদ্রঋণ, গৃহায়ন, প্রশিক্ষণ, সু-শাসন, নারীর ক্ষমতায়ন, স্বাস্থ্য সেবা, স্যানিটেশন, বনায়ন, মৎস্য চাষ, উপানুষ্ঠানিক শিক্ষা, শিশু বিকাশ কেন্দ্র, তামাক ও তামাকজাতদ্রব্য এবং প্রতিবন্ধী পূর্ণবাসন প্রকল্পে তৃণমূল পর্যায়ে কার্যক্রম পরিচালনা করা হয়।

প্রধান কার্যালয় ঃ দুমাউস ভবন, পুরান পোস্ট অফিস রোড, নলছিটি, ঝালকাঠি।

ফোন ঃ ০৪৯৫৩-৭৪০-২৪, মোবাইল ঃ ০১৭১২-১৭৪৬৯৯, ০১৭১৫-৩৮৪৩৩২


# আপনি জানেন কি?

সরকার ফৌজদারী এবং দেওয়ানী আদালতে অসহায়, গরীব ও দুঃস্থদের সরকারীভাবে আইনগত সহায়তা দিচ্ছেন।

## আপনি যদি

■ অসহায় গরীব দুঃস্থ হন, ■ আইন ও বিচার বিষয়ক ধারণা না রাখেন, ■ উকিল নিয়োগের ব্যয় বহনে অক্ষম হন, ■ আইনগত অন্যান্য বিষয় না জানেন, ■ ফৌজদারী বা দেওয়ানী আদালতে বিচারাধীন মোকদ্দমায় কোন পক্ষ হন।

## --- তবে ---

আপনাকে সাহায্য করবে ঃ-

**ঝালকাঠি জেলা আইনগত সহায়তা কমিটি**

■ যোগাযোগ করুন ঃ- [আবেদন ফরম প্রাপ্তি স্থান ঃ-]

■ জেলা জজ অফিস, ঝালকাঠি ■ ডি.সি অফিস, ঝালকাঠি। ■ সকল ইউ.এন.ও অফিস, ■ সকল ইউনিয়ন পরিষদ অফিস, ■ জেলা কারাগার, ঝালকাঠি। ■ জেলা আইনজীবী সমিতি, ঝালকাঠি।

[আবেদনপত্র জমা দেওয়ার স্থান] আইনগত সহায়তা কমিটির কার্যালয়,

কক্ষ নং - ৩৭, জেলা জজ আদালত, ঝালকাঠি।

পৃষ্ঠা-শেষ, কলাম-৭-৮, দৈনিক প্রতিকণ্ঠ।

২২/০২/২০০৮ইং

শেষ পাতা
দৈনিক সত্য সংবাদ
বরিশাল | শুক্রবার | ১ ফেব্রুয়ারি | ২০০৮

# নলছিটিতে সিডর আক্রান্ত শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

প্রতিনিধি নলছিটি ঝালকাঠি □

নলছিটি উপজেলার সিডর আক্রান্ত স্কুলগামী ছাত্র ছাত্রীদের মাঝে গত মঙ্গলবার সকাল ১০টায় শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। সেন্টার ফর ডিজিটাল অ্যাবলিটি ইন ডেভলেপমেন্ট (সিডিডি)ও ডার্ক এন্ড লাইট বাইন্ড কেয়ার, দি নেদাল্যান্ডস এর সহায়তার দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) উপজেলার পাওতা বাজারে এ উপকরণ বিতরণ করে। শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নলছিটি প্রেসক্লাবের সহ-সভাপতি মো. শকওকত হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রেসক্লাব সম্পাদক এমদাদুল হক মিলটন, পাওতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফারুক হোসেন জোমাদ্দার, দুমাস'র নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান, সহকারী অধ্যাপক শামসুল আলম খান বাহার, মোস্তাফিজুর রহমান প্রমুখ।

পৃষ্ঠা-২, কলাম- ৫ম

আজকের পরিবর্তন

THE DAILY AJKER PARIBARTAN

বরিশাল ❑ শুক্রবার ❑ ১৬ জ্যৈষ্ঠ ১৪১৫ ❑ ২৪ জমাদিউল আউয়াল ১৪২৯ ❑ ৩০ মে ২০০৮




*নলছিটি : তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য দেন নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা সেকেন্দার হায়াত রিজভী।* ছবি ঃ পরিবর্তন।

# নলছিটিতে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে করণীয় শীর্ষক মতবিনিময় সভা

**নলছিটি প্রতিবেদক ॥** দু:স্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) এর আয়োজনে গত বুধবার সকাল ১০ টায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে করণীয় শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ সেকেন্দার হায়াত রিজভী এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে পৌর চেয়ারম্যান মাসুদ খানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, দপদপিয়া ইউপি চেয়ারম্যান খন্দকার অহিদুল ইসলাম বাদল, সুবিদপুর ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম শাহীন, মোল্লারহাট ইউপি চেয়ারম্যান আব্দুস সালাম, সমাজসেবা কর্মকর্তা সোলায়মান মজুমদার, যুব উন্নয়ন কর্মকর্তা রফিকুল ইসলাম, নলছিটি প্রেসক্লাব সম্পাদক এমদাদুল হক মিলটন, সাংবাদিক কেএম সবুজ প্রমুখ।

দৈনিক মতবাদ

বরিশাল, মঙ্গলবার, ৮ এপ্রিল ২০০৮ইং

# নলছিটিতে উপজেলা টাস্কফোর্স কমিটি করণীয় শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

নলছিটি সংবাদদাতা

গতকাল সোমবার (৭ এপ্রিল) বিকাল ৪ ঘটিকার সময়ে বাংলাদেশ তামাক বিরোধী জোট ও দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) এর আয়োজনে নলছিটি উপজেলা টাস্ক ফোর্স কমিটি'র করণীয় শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। নলছিটি প্রেসক্লাব সভাপতি

৩ এর পাতায় ৩ এর কলাম



নলছিটিতে দুমাউস ও বাংলাদেশ তামাক বিরোধী জোটের সহায়তায় নলছিটি উপজেলায় টাস্কফোর্স কমিটি গঠন- মতবাদ

## নলছিটিতে উপজেলা টাস্কফোর্স

মোঃ এনায়েত করিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ সেকেন্দার হায়াত রিজভী। অন্যানর মধ্যে বক্তব্য দেন, নলছিটি পৌরসভার কমিশনার কাজী জাহাঙ্গীর হোসেন, সরওয়ার হোসেন তালুকদার, আলতাফ হোসেন তালুকদার, মোঃ রুস্তম আলী তালুকদার, উপজেলা যুব উন্নয়ন অফিসার মোঃ রফিকুল ইসলাম সরদার, মৎস্য কর্মকর্তা বিজন কুমার নন্দী, দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) এর সহকারী সেক্রেটারী জেনারেল মলিক মোঃ মনিরুজ্জামান, মনডিয়াল হেলথ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মোঃ জাহাঙ্গীর হোসেন, নলছিটি মডেল সোসাইটির নির্বাহী পরিচালক মোঃ খলিলুর রহমান মৃধা, মানব সেবার পরিচালক মোঃ রেজাউল করিম, মুক্তির আলো সংস্থার নির্বাহী পরিচালক মোঃ সরওয়ার হোসেন স্বপন মোলা, পরিবর্তন উন্নয়ন কর্মসচীর নির্বাহী পরিচালক এইচএম শাহীন প্রমুখ। উপজেলা টাস্ক ফোস কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা সেকেন্দার হায়াত রিজভী উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ধমপান মুক্ত এলাকা ঘোষনা করেন।

দৈনিক আজকের বার্তা
বরিশাল ॥ রবিবার ০৬ এপ্রিল ২০০৮ ইং ২৩ চৈত্র ১৪১৪ বাংলা




দুস্থ মানব উন্নয়ন সোসাইটি ও কোস্টাল বেল্ট এনজিও নেটওয়ার্ক এর আয়োজনে সাইল্ড গাইড এর উদ্যোগ ইনফরমেট কর্মশালায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়-আজকের বার্তা।

# নলছিটিতে দিনভর দৃষ্টি প্রতিবন্ধী বিষয়ক “কী ইনফরমেন্টস” প্রশিক্ষণ কর্মশালা

নলছিটি প্রতিনিধি ॥ গতকাল শনিবার (৫ এপ্রিল) দিনভর নলছিটি প্রেসক্লাবে দৃষ্টি প্রতিবন্ধী বিষয়ক “কী ইনফরমেন্টস্” প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ও কোষ্টাল বেল্ট এনজিও নেটওয়ার্ক (সিবিএনএন) এর আয়োজনে চাইল্ড সাইট নেটওয়ার্ক ও চাইল্ড সাইট ফাউন্ডেশন সহায়তায় প্রদান করে। ঝালকাঠি জেলার নলছিটি, রাজাপুর, কাঠালিয়া ও ঝালকাঠি সদর উপজেলার ৩২ টি স্বেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা দৃষ্টি

২ এর পাতায় ৬ এর কলামে দেখুন

প্রতিবন্ধী শিশুদের সনাক্তকরণ, কৌশল, প্রতিবন্ধকতার ধরন নিয়ে আলোচনা করে। প্রশিক্ষণ কর্মশালা শেষে উপস্থিত প্রশিক্ষনার্থীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করা হয়। অনুষ্ঠান উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন কোষ্টাল বেল্ট এনজিও নেটওয়ার্ক (সিবিএনএন) এর ভারপ্রাপ্ত সভাপতি মোঃ তাজুল ইসলাম দুলাল চৌধুরী। প্রধান অতিথি ছিলেন নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম। বিশেষ অতিথি ছিলেন চাইল্ড সাইট ফাউন্ডেশনের কো-অডিনেটর মোঃ জহিরুল ইসলাম জুয়েল। অন্যান্যর মধ্যে বক্তব্য দেন, রাজাপুর প্রেসক্লাব সভাপতি আবদুল বারেক ফরাজী, দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) চেয়ারম্যান এ্যাডভোকেট মোঃ মিজানুর রহমান মোল্লা, পরিচালক এইচএম আখতারুজ্জামান, মনডিয়াল হেলর্থ ফাউন্ডেশনের সভাপতি মোঃ জাহাঙ্গীর হোসেন, ইসরাবের নির্বাহী পরিচালক মোঃ ফরিদুল হক, প্রতিবন্ধী উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ ফয়সাল রহমান জসিম, সাইডো'র পরিচালক মোঃ কামাল হোসেন, ডিস্ক এর নির্বাহী পরিচালক মোঃ ইলিয়াস হোসেন ফরহাদ, এসবিডিএস এর নির্বাহী পরিচালক মোঃ আহমেদ আবু জাফর, নলছিটি মডেল সোসাইটির নির্বাহী পরিচালক মোঃ খলিলুর রহমান, মানব সেবা'র পরিচালক ডাঃ গাজী রেজাউল করিম প্রমুখ।

সুশীল সমাজ গঠনের প্রত্যয়ে

দৈনিক

ঝালকাঠি বার্তা

DAINIK JHALAKATHI BARTA

...এন ৪১৭॥ ঝালকাঠি-মঙ্গলবার ॥ ৮ম বর্ষ-১৯৭ তম সংখ্যা ॥ ৮ এপ্রিল-২০০৮ ॥ ২৫ চৈত্র- ১৪১৪ বঙ্গাব্দ ॥ ১ রবিঃ সানি-১৪২৯ হিজরী ॥ চা...

নলছিটিতে

# দৃষ্টি প্রতিবন্ধী বিষয়ক কী ইনফরমেন্ট প্রশিক্ষণ কর্মশালা সম্পন্ন

*স্টাফ রিপোর্টার ।* দৃষ্টি প্রতিবন্ধী কোন দূরারোগ্য ব্যাধি নয়। চিকিৎসায় এ রোগ নির্মূল সম্ভব। এ লক্ষ্যে ০-১৫ বছর শিশুদের চিকিৎসা সেবার আওতায় আনার লক্ষ্যে এক প্রশিক্ষক প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হয়। নলছিটির দুমাউস ও সিবিএনএন'র আয়োজনে ঢাকার চাইল্ড সাইট নেটওয়ার্ক ও চাইল্ড সাইট ফাউন্ডেশন'র সহযোগিতায় অনুষ্ঠিত কর্মশালায় সভাপতিত্ব করেন সিবিএনএন'র চেয়ারম্যান তাজুল ইসলাম দুলাল চৌধুরী। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন নলছিটি প্রেসক্লাব সভাপতি এনায়েত করিম। বিশেষ অতিথি ছিলেন রাজাপুর প্রেসক্লাব সভাপতি আঃ বারেক ফরাজী।

কর্মশালায় প্রশিক্ষনের বিষয়বস্তু ও উদ্দেশ্য, প্রতিবন্ধীতা কি, বাংলাদেশে শিশু প্রতিবন্ধীতার বর্তমান চিত্র, কী ইনফরমেন্টস বা সমাজ ভিত্তিক তথ্যদাতা সম্পর্কিত ধারনা, দৃষ্টি প্রতিবন্ধী শিশু সনাক্তকরণ, প্রশিক্ষক নির্দেশিকার ব্যবহার সহ প্রশিক্ষণ মূল্যায়ন করা হয়। প্রশিক্ষনে প্রশিক্ষকের দায়িত্বে ছিলেন সিএসএন কো অর্ডিনেটর জহুরুল ইসলাম জুয়েল ও প্রশিক্ষক আরিফুল ইসলাম। প্রশিক্ষক শেষে সনদপত্র দিয়ে প্রত্যেককে একজন দক্ষ প্রশিক্ষক হিসেবে গড়ে ওঠার আহবান জানান। প্রশিক্ষণে মোট ৩২ সংস্থার ৩৫জন প্রশিক্ষনার্থী অংশ নেন।

# দৈনিক শতকণ্ঠ

১৩ নভেম্বর ২০০৪ ❑ শনিবার ২৯ কার্তিক ১৪১১


ঝালকাঠী জেলায় দুমাউস

## বিভিন্ন উন্নয়ন প্রকল্প গ্রহণ করেছে

স্টাফ রিপোর্টার ॥ দুমাউস একটি এনজিও প্রতিষ্ঠান। ঝালকাঠী জেলার অসহায় নির্যাতিত বঞ্চিত, মানবাধিকার লংঘন এবং বাল্য বিয়ে, যৌতুক প্রতিরোধে দুমাউস প্রকল্প গ্রহণ করেছে। সাউথ এশিয়ার পার্টনারশীপ বাংলাদেশ এর

(২-এর পাতায় দেখুন)

## বিভিন্ন উন্নয়ন প্রকল্প

সহযোগিতায় নারীর অধিকার নামে এ প্রকল্প কাজ করবে।

উপজেলা পর্যায়ে সরকারী কর্মকর্তা, সুশীল সমাজ, নারী সংগঠন, ডাক্তার, সাংবাদিক, আইনজীবী ও এনজিও প্রতিনিধি জনপ্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি প্রকল্পভুক্ত কাজ করবে। এর মধ্যে আইনগত সহায়তা, অসহায় নারীদের পারিবারিক আদালতে সুবিধা প্রদান, স্থানীয় আইন সহায়তাকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, তথ্য বিনিময় ইত্যাদি উল্লেখযোগ্য। ইউনিয়ন পর্যায়ে নারী পর্যবেক্ষক দল নারী অধিকার লংঘন ঘটনাসমূহ পরিদর্শন, স্থানীয় শালিসীতে অংশগ্রহণ, এলাকার সমস্যা চিহ্নিত ও সমাধান, গ্রাম আদালতের মাধ্যমে ন্যায়বিচার সুনিশ্চিত, নারী অধিকার লংঘনের ঘটনা চিহ্নিত ও নারী পুরুষের বৈষম্য দূর করতে কাজ করবে।

এছাড়া দুমাউস সঞ্চয় ঋণ দান, শিক্ষা কার্যক্রম এবং মৎস্য উন্নয়নে কাজ করে যাচ্ছে।

www.bartaprobah.com
বার্তা প্রবাহ
সৃজনশীল জাতীয় পাক্ষিক
॥ সংখ্যা-১৬ ॥ ঢাকা, ১৬-৩১ জানুয়ারী-২০০৮ খ্রিষ্টাব্দ

# সিডরে ত্রাণ বিতরণে "দুমাউস"




*ঝালকাঠি জেলার অসহায়, হতদরিদ্র, সুবিধাবঞ্চিত এবং প্রতিবন্ধী জনগোষ্ঠীর মধ্যে "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)" এর উদ্যোগে ভয়াবহ ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্থ ৩ হাজার পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণের একাংশ- ছবি ঃ বার্তা প্রবাহ*

**নলছিটি (ঝালকাঠি) প্রতিবেদক ঃ** ঝালকাঠি জেলার অসহায়, হতদরিদ্র, সুবিধাবঞ্চিত এবং প্রতিবন্ধী জনগোষ্ঠীর মধ্যে "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)" গত ১৫ নভেম্বর ভয়াবহ ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্থ ৩ হাজার পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করে। গত ৪ ডিসেম্বর আন্তর্জাতিক সংস্থা প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ ও বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস) এর সহায়তায় নলছিটি উপজেলার কুলকাঠি, রানাপাশা, নাচনমহল ইউনিয়নের ৪৫০ টি পরিবারের মধ্যে ১ম দফায় ত্রাণ বিতরণ করা হয়। গত ১০ ডিসেম্বর নলছিটি উপজেলা পরিষদ চত্বরে ৫০০ প্রতিবন্ধী জনগোষ্ঠীর মধ্যে ত্রাণ বিতরণ করা হয়। ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন নলছিটির উপজেলা নির্বাহী অফিসার মোঃ সেকান্দার হায়াত রিজবী, নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম প্রমুখ। গত ৪ জানুয়ারী জেলার কাঠালিয়া উপজেলার ১ নং চেচিরামপুর ইউনিয়ন পরিষদ চত্বরে ৪ শতাধিক প্রতিবন্ধী পরিবারের মধ্যে সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) ও ক্রিষ্টোফেল ব্লাইন্ড মিশন, জার্মানির সহায়তায় ত্রাণ বিতরণ করা হয়। ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন কাঠালিয়া উপজেলা নির্বাহী অফিসার ড. গোলাম ফারুক, ইত্তেফাকের প্রধান নির্বাহী কর্মকর্তা শাহ জালাল মিয়া, কেয়ার এ্যাডভারটাইজিং এর স্বত্বাধিকারী মোঃ ফরিদুজ্জামান জাহাঙ্গির, দৈনিক আল আমিন পত্রিকার জেনারেল ম্যানেজার মোঃ ফারুক হোসেন প্রমুখ। গত ৮ জানুয়ারী নলছিটি উপজেলা সদরে প্রতিবন্ধী জনগোষ্ঠীর মধ্যে ১১ আইটেম সম্বলিত ১০০ প্যাকেট ত্রাণ বিতরণ করা হয়। ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন বাংলাদেশ ব্যাংকের ফান্ড ম্যানেজার মোঃ নাসিরুজ্জামান, দুমাউসের নির্বাহী পরিচালক এইচ.এম আখতারুজ্জামান, নলছিটি কলেজের প্রভাষক মোঃ মল্লিক মনিরুজ্জামান, নলছিটি প্রেসক্লাবের সেক্রেটারী এমদাদুল হক মিলটন, সাংবাদিক ডাঃ ইউসুফ আলী তালুকদার প্রমুখ।

দৈনিক
শতকণ্ঠ
DAILY SHATAKANTHA
★ দৈনিক শতকণ্ঠ ॥ ঝালকাঠি বুধবার ১৪ ফাল্গুন ১৪০৯ ❋ ২৬ ফেব্রুয়ারী ২০০৩ ★

# এডাবের উদ্যোগে একুশে ফেব্রুয়ারি পালিত

॥ স্টাফ রিপোর্ট ॥

মহান একুশে ফেব্রুয়ারীতে এডাব, বরিশালের উদ্যোগে ঝালকাঠি কেন্দ্রীয় শহীদ মিনারে র‍্যালী ও পুষ্পমালা অর্পণ করা

★ ৮ম পাতায় ★

## এডাবের উদ্যোগে

হয়। র‍্যালীর নেতৃত্ব দেন এডাব সদস্য হুমাউস এর নির্বাহী পরিচালক এইচ,এম,আখতারুজ্জামান, আকাসের নির্বাহী পরিচালক জিয়াউর রহমান রুবেল, এসবিডি এস এর নির্বাহী প্রধান আহমেদ আবু জাফর, এস জে এস এর নির্বাহী প্রধান মার্ক শিকদার,জাহিদুর রহমান রিপন প্রমুখ।

# দৈনিক আজকের বার্তা

বরিশাল ॥ রবিবার ১৬ মার্চ ২০০৩ ইং




বরিশাল : বিশ্ব ক্রেতা অধিকার দিবস উপলক্ষে এডাব আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখছেন বিলু কবির। ছবি : আজকের বার্তা।

## এডাব

এডাব আয়োজিত বিশ্ব ক্রেতা অধিকার দিবস উপলক্ষ্যে নলছিটি উপজেলা পরিষদ মিলনায়তন থেকে গতকাল একটি র‍্যালি বের করা হয়। র‍্যালি শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি ছিলেন, নলছিটি উপজেলা কৃষি কর্মকর্তা বিকাশ ইন্দু মন্ডল। এইচএম আখতারুজ্জামান এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন গোলাম কবীর শরীফ, বিলু কবীর, খলিলুর রহমান, কাজী মাহাবুবুল আলম লাল্টু, তাজুল ইসলাম, দুলাল চৌধুরী, কাজী জাহাঙ্গীর হোসেন, এবিএম হারুন-অর-রশিদ, আকতার হোসেন বাচ্চু, সুধীর কুমার দাস, মোর্শেদা বেগম, রুবিনা নাসরিন, তাহমিনা বেগম প্রমূখ।

দৈনিক দক্ষিণাঞ্চল
বরিশাল ❑ শুক্রবার ❑ ২৮ চৈত্র ১৪০৯ ❑ ১১ এপ্রিল ২০০৩

## নলছিটি উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সভা অনুষ্ঠিত

গত বুধবার সকাল ১০টায় নলছিটিস্থ দুস্থ মানব উন্নয়ন সংস্থার (দুমাউস) সভাকক্ষে উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন সামাজিক উন্নয়ন সংস্থার পরিচালক মজিবর রহমান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, দুস্থ মানব উন্নয়ন সংস্থার (দুমাউস) নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান, দুমাউস সমন্বয়কারী আবুল হোসেন, ভিডিএস পরিচালক আঃ গফফার খান, পল্লী উন্নয়ন সংস্থার পরিচালক ডাঃ এম এ মান্নান সরদার, দক্ষিণাঞ্চল উন্নয়ন সংস্থার সমন্বয়কারী নাসিমা আখতার, মাতৃমঙ্গল সংস্থার উপপরিচালক জামাল খান, পিডিএস নির্বাহী পরিচালক লাভলী আকতার প্রমুখ। সভায় এডাব বরিশাল চ্যাপ্টোরের মাধ্যমে এনজিও সেক্টরে গতিশীল এবং ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলনকে জোরদার করার আহবান জানান। খবর বিজ্ঞপ্তি।

পরিবর্তন
বরিশাল। ১ম বর্ষ। ১৯২ তম সংখ্যা। শুক্রবার। ২৮ চৈত্র ১৪০৯। ১১ এপ্রিল ২০০৩

## নলছিটি এনজিও সমন্বয় পরিষদের সভা অনুষ্ঠিত

**নলছিটি প্রতিবেদক।** নলছিটির দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার (দুমাউস) সভা কক্ষে উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সভা ৯ এপ্রিল অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, সামাজিক উন্নয়ন সংস্থার পরিচালক মুজিবর রহমান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার (দুমাউস) নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান, দুমাউস সমন্বয়কারী আবুল হোসেন, ভিডি এস পরিচালক আঃ গফফার খান, পল্লী উন্নয়ন সংস্থার পরিচালক ডাঃ এম এ মান্নান সরদার, দক্ষিণাঞ্চল উন্নয়ন সংস্থার সমন্বয়কারী নাছিমা আক্তার, মাতৃমঙ্গল সংস্থার উপ-পরিচালক জামাল খান, পিডি এস নির্বাহী পরিচালক লাভলী আকতার প্রমুখ। সভায় এডাব, বরিশাল চ্যাপ্টারের মাধ্যমে এনজিও সেক্টরকে গতিশীল এবং ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলনকে জোরদার করার আহবান জানান।

দৈনিক আজকের বার্তা
বরিশাল॥ বৃহস্পতিবার ১০ এপ্রিল ২০০৩ ইং

## এনজিও সমন্বয়

গত বুধবার নলছিটির দুঃস্থ মানব উন্নয়ন সংস্থা (দুমাউস) সভা কক্ষে উপজেলা এনজিও সমন্বয় পরিষদের এক সভা মুজিবর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন, এইচ এম আখতারুজ্জামান, আবুল হোসেন, আঃ গফফার খান, ডাঃ এমএ মান্নান সরদার, নাছিমা আক্তার, জামাল খান, লাভলী আকতার প্রমুখ।

দৈনিক দক্ষিণাঞ্চল
বরিশাল ❑ সোমবার ❑ ৩০ পৌষ ১৪০৯ ❑ ১৩ জানুয়ারি ২০০৩

জাতীয় সাংবাদিক সংস্থা

## নলছিটিতে ফারুক্কী সভাপতি বাচ্চু সম্পাদক নির্বাচিত

গত ১০ জানুয়ারী শুক্রবার দুস্থ মানব উন্নয়ন সংস্থার কার্যালয়ে জাতীয় সাংবাদিক সংস্থা নলছিটি উপজেলা ইউনিট গঠন উপলক্ষে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। প্রবীন সাংবাদিক আঃ মান্নান ফারুক্কীর সভাপতিত্বে আলোচনাসভায় স্থানীয় সাংবাদিকবৃন্দ বক্তব্য রাখেন।

সভায় দ্বিতীয় পর্বে জাতীয় সাংবাদিক সংস্থা নলছিটি ইউনিট গঠনের সিদ্ধান্ত সর্বোসম্মতভাবে গৃহীত হয়। কণ্ঠভোটের মাধ্যমে আঃ মান্নান ফারুক্কী সভাপতি (আল-আমিন), এইচ এম আখতারুজ্জামান বাচ্চু (দৈনিক ইত্তেফাক) সম্পাদক ও আল আমিন তালুকদার (শাহানামা) সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হন।

১৩ সদস্যবিশিষ্ট কমিটির অন্যান্যরা হলেন- কেএম মোস্তাক (দক্ষিণাঞ্চল) সহসভাপতি, অর্থ সম্পাদক সাইদুর রহমান কবির (সংগ্রাম), প্রচার ও প্রকাশনা সম্পাদক, এমদাদুল হক মিল্টন (দিনকাল/পরিবর্তন), দপ্তর সম্পাদক মনির হোসেন মনির (পরিবর্তন), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মাসুদ মাহমুদ (তৃণমূল সংবাদকর্মী), শিক্ষা ও সমাজকল্যাণ সম্পাদক আলতাফ হোসেন (অজানা বার্তা), সদস্য ভোলানাথ দাস (আজকের কাগজ), এম আর কামরুল (ঝালকাঠী বার্তা), এইচ এম শাহীন (বাংলাবাজার), ইউসুফ আলী তালুকদার (গণদাবী)। খবর বিজ্ঞপ্তি।

আজকের পরিবর্তন
বরিশাল। ১ম বর্ষ। ১০৯ তম সংখ্যা। রবিবার। ২৯ পৌষ ১৪০৯। ১২ জানুয়ারী ২০০৩

# নলছিটি সংবাদ

### জাতীয় সাংবাদিক দিবস

গত মঙ্গলবার নলছিটিতে জাতীয় সাংবাদিক দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে নলছিটি রিপোর্টার্স ইউনিটির কার্যালয়ে বিকাল ৩ টায় ইউনিটির সভাপতি আঃ মান্নান ফারুক্কীর সভাপতিত্বে এক আলোচনা সভায় সাধারণ সম্পাদক এমদাদুল হক মিলটন, অর্থ সম্পাদক আল আমিন তালুকদার বক্তব্য রাখেন। এছাড়া নলছিটি দু মাউস মিলনায়তনে এক আলোচনা সভায় দৈনিক ইত্তেফাকের নলছিটি প্রতিনিধি এইচ এম আখতারুজ্জামান বাচ্চু,নলছিটি রিপোর্টার্স ইউনিটির সভাপতি আঃ মান্নান ফারুক্কী, সাংবাদিক সাইদুর রহমান কবির, শাহীন, তৃণমূল সংবাদকর্মী মাসুদ মাহমুদ, আবুল হোসেন বক্তব্য রাখেন। এছাড়াও উক্ত আলোচনা সভায় স্থানীয় সাংবাদিক ও সমাজসেবীরা বক্তব্য রাখেন।

### সাংবাদিক সংস্থার কমিটি গঠন

শুক্রবার সকাল ১১টায় দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার কার্যালয়ে জাতীয় সাংবাদিক সংস্থা নলছিটি ইউনিট কমিটি গঠিত হয়েছে। এ উপলক্ষে আয়োজিত এক সভায় কণ্ঠ ভোটের মাধ্যমে আঃ মান্নান ফারুক্কী সভাপতি ( আল-আমিন), আখতারুজ্জামান বাচ্চু (ইত্তেফাক) ও সম্পাদক আল আমিন তালুকদার (শাহনামা) সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হন। ১৫ সদস্য বিশিষ্ট নবগঠিত কমিটির অন্যান্যরা হলেন সহ সভাপতি কে,এম, মোস্তাক (দক্ষিণাঞ্চল), প্রচার সম্পাদক এমদাদুল হক মিলটন (দৈনিক দিনকাল, আজকের পরিবর্তন), অর্থ সম্পাদক সাইদুর রহমান কবির (সংগ্রাম), দপ্তর সম্পাদক মনির হোসেন মনির (লাল সবুজ), শিক্ষা ও সমাজ কল্যাণ সম্পাদক আলতাফ হোসেন (দৈনিক অজানা বার্তা),সদস্য ভোলানাথ দাস, এ এইচ এম শাহীন, এম আর ইউনুস আলী খান, সোলায়মান হাওলাদার, ডাঃ শাহআলম।

আজকের
পরিবর্তন
বরিশাল॥ ১ম বর্ষ॥ ১৯৭ তম সংখ্যা॥ শুক্রবার ॥ ৫ বৈশাখ ১৪১০॥ ১৮ এপ্রিল ০৩

# ক্যাবের ঝালকাঠী জেলা কমিটি গঠন



*মোঃ জিয়াউর রহমান মজিবর, সদস্য সচিব রুবেল, আহবায়ক*

গত ১৪ এপ্রিল সোমবার স্থানীয় এনজিও আদর্শ কাজের সন্ধানে (আকাস) কার্যালয়ে কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর ঝালকাঠী জেলা কমিটি গঠন করা হয়। ক্যাবের জেলা কমিটির দায়িত্বপ্রাপ্তরা হচ্ছেন-মোঃ জিয়াউর রহমান রুবেল আহবায়ক, মোঃ নান্না মিয়া যুগ্ম আহবায়ক, এইচ এম আখতারুজ্জামান বাচ্চু যুগ্ম-আহবায়ক, একেএম মজিবর রহমান সদস্য সচিব ও মোঃ ইমাম হোসেন শিকদারকে অর্থ সচিব করে ২১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

আমাদের বর্তমান বাংলাদেশে নকল, ভেজাল, মানহীন, মেয়াদ উত্তীর্ণ পণ্য, ওজনে কারচুপিসহ সেবা সার্ভিস, অর্থাৎ গ্যাস, পানি, বিদ্যুৎ, ডাক, তার পরিবহণ, শিক্ষা স্বাস্থ্য চিকিৎসা ইত্যাদির মাধ্যমে ক্রেতা ভোক্তারা প্রতিনিয়ত প্রতারিত হচ্ছেন। অন্যদিকে ক্রেতাদের অধিকার সংরক্ষণে আইনের অপ্রতুলতাও বিদ্যমান। দেশের সকল শ্রেণীর ক্রেতা-ভোক্তাদের সচেতন এবং অধিকার আদায়মুখী ও দায়িত্বশীল হবার লক্ষে ক্যাবের এ নিবেদিত প্রচেষ্টা। এ অধিকার আদায়ের লক্ষেই দেশের বাকী জেলাগুলোর মত ঝালকাঠী জেলায় ক্যাবের কমিটি গঠন করা হয় ও ঝালকাঠী জেলায় এর কার্যক্রম শুরু হয়। খবর বিজ্ঞপ্তির।

শেষ পাতা
দৈনিক সত্য সংবাদ
বরিশাল ॥ ০১ জুন রবিবার -২০০৮

# নলছিটিতে বিশ্ব তামাক মুক্ত দিবস উদ্‌যাপন

প্রতিনিধি, নলছিটি □

গতকাল ছিল বিশ্ব তামাক মুক্ত দিবস। দিবসটি উপলক্ষ্যে নলছিটি উপজেলায় বেসরকারী উন্নয়ন সংস্থা সমুহ আলোচনা সভার আয়োজন করে। দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) দিনটি উপলক্ষ্যে নলছিটি প্রেসক্লাবে আলোচনা সভা করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দুমাউসের পরিচালক এইচএম আখতারুজ্জামান। প্রধান অতিথি ছিলেন নলছিটি পৌর মুক্তিযোদ্ধা কমান্ডার মোঃ তাজুল ইসলাম দুলাল চৌধুরী। অন্যান্যর মধ্যে বক্তব্য দেন, মনডিয়াল হেলথ ফাউন্ডেশনের চেয়ারম্যান মোঃ জাহাঙ্গীর হোসেন, সূর্যদয় সমাজ কল্যাণ সংস্থার সভাপতি মোঃ ফারুক হোসেন তালুকদার, অন্বেষা ফাউন্ডেশনের ম্যানেজার মোঃ বজলার রহমান, উপজেলা মাহিলা দলের সভানেত্রী ডালিয়া বেগম, দৈনিক মানব জমিনের সাংবাদিক ডাঃ ইউসুফ আলী তালুকদার, দৈনিক নয়াদিগন্ত'র সাংবাদিক কেএম সবুজ, কমবাইন্ড ডেভলপমেন্ট সোসাইটির চেয়ারম্যান গোলাম মুসা রতন, দুমাউসের প্রজেক্ট কো-অর্ডিনেটর মোঃ কামাল হোসেন, মানব সেবার নির্বাহী পরিচালক ডাঃ রেজাউল করিম, দুকসের নির্বাহী পরিচালক এইচএম হাসান আল মামুন, পরিবর্তন উন্নয়ন কর্মসূচীর নির্বাহী পরিচালক এইচএম শাহীন, নারী নেত্রী তহমিনা বেগম প্রমুখ।

দৈনিক মতবাদ
বরিশাল, সোমবার, ২ জুন ২০০৮ইং

# নলছিটিতে বিশ্ব তামাক মুক্ত দিবসে আলোচনা সভা

নলছিটি সংবাদদাতা

তামাক ও তামাকজাত দ্রব্য মুক্ত বিশ্ব চাই, শ্লোগান নিয়ে নলছিটিতে গত শনিবার পালিত হয়েছে বিশ্ব তামাক মুক্ত বিদস। দিনটি উপলক্ষ্যে ওয়ার্ক ফর বেটার বাংলাদেশের (ডব্লিউবিবি) সহযোগিতায় দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) নলছিটি প্রেসক্লাবে আলোচনা সভার আয়োজন করে। সংস্থার পরিচালক এইচএম আখতারুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মুক্তিযোদ্ধা কমান্ডার ও সিবিএনএন এর চেয়ারম্যান মোঃ তাজুল ইসলাম দুলাল চৌধুরী। অন্যান্য'র মধ্যে আলোচনা করেন, সাংবাদিক ইউসুফ আলী তালুকদার, সবুজ, খলিল, এনজিও কর্মী জাহাঙ্গীর হোসেন, ফারুক হোসেন প্রমুখ।

# ঘূর্ণিঝড় সিডরের প্রভাবে মধুমাসের ফল উৎপাদন বিপর্যয়

নলছিটি প্রতিনিধি

ভয়াবহ ঘূর্ণিঝড় সিডরের আঘাতের কারনে ঝালকাঠি জেলার মধুমাসের ফল আম, জাম, কাঠাল, লিচু, জামরম্নলসহ নানা জাতের মৌসুমী ফলের উৎপাদন হয়নি।

কৃষি বিভাগ জানান, সিডরে দক্ষিণাঞ্চলের অধিকাংশ গাছের ডাল-পালা, শিকড়সহ গাছের কান্ড ভেঙ্গে ধুমড়েমুছরে যায়। ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর ও কাঠালিয়া উপজেলার সহাস্রাধিক হেক্টর জমিতে বিভিন্ন জাতের ফলন ধরার মুর্হূতেই সিডরে নষ্ট হয়ে যায়। জেলার হাট-বাজার গুলো যশোহর, রাজশাহী, ভারতের আম, লিচুতে সয়লাব হয়েগেছে।

স্থানীয় বাজার ঘুরে দেখাগেছে, মুধুমাসের ফল সাধারন মানুষের ক্রয় ৰমতার বাইরে রয়েছে। এখানে আমের কেজি ১২০ টাকা, আঙ্গুরের কেজি ২৫০ টাকা, লিচুর শত ২শত টাকার উপরে, জামরম্নলের শত দেড় শত টাকা, তরমুজ প্রতিটি ১ শত টাকার উপরে, কাঠাল প্রতিটি ১৫০ টাকার উপরে, জামের কেজি ১ শত টাকার উপরে বিক্রি হচ্ছে। সংসারের ব্যয় মিটানোর পর অতিরিক্ত টাকা দিয়ে মধুমাসের ফল ক্রয় করা অসাধ্য হয়ে পড়েছে।

দৈনিক
বরিশালবার্তা
বরিশাল ॥ শুক্রবার ॥ ১ ফেব্রুয়ারি ২০০৮ ॥ ১৯ মাঘ ১৪১৪

# নলছিটিতে দুমাউসের শিক্ষা-উপকরণ বিতরণ

নলছিটি প্রতিনিধি

সেন্টার ফর ডিজঅ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) ও ডার্ক অ্যান্ড লাইট ব্লাইন্ড কেয়ার, দি নেদারল্যান্ডসের সহায়তায় দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) নলছিটি উপজেলার পাওতাবাজারে দুমাউস ট্রেনিংসেন্টারে গত মঙ্গলবার সকালে সিডর-আক্রান্ত প্রাথমিক বিদ্যালয়গামী ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা-উপকরণ উপহার হিসেবে বিতরণ করে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাওতা মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি মো. শওকাত হোসেন খান শাহজাহান, প্রধান অতিথি ছিলেন নলছিটি প্রেসক্লাবের সভাপতি মো. এনায়েত করিম। সাধারণ সম্পাদক এমদাদুল হক মিলটন, অর্থসম্পাদক এম. ইউসুফ আলী তালুকদার, পাওতা হাইস্কুলের প্রধানশিক্ষক মো. ফারুক হোসেন, নুরুল আলম, ফিরোজ প্যাদা, আবদুল খালেক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ওই একই দিন বিকেলে নলছিটি সদরের দুমাউস কার্যালয়ে শিক্ষা-উপকরণ নলছিটি পৌরএলাকার ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়। সেখানে সভাপতিত্ব করেন নলছিটি ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মো. মোস্তাফিজুর রহমান। উপস্থিত ছিলেন নলছিটি প্রেসক্লাবের সভাপতি, সাধারণ সম্পদক, অর্থসম্পাদক, ডিগ্রি কলেজের সহযোগী অধ্যাপক মো. শামসুল আলম খান বাহার, দুমাউসের পরিচালক এইচ এম আখতারুজ্জামান বাচ্চু, কোস্টাল বেল্ট এনজিও নেটওয়ার্কের (সিবিএনএন) ভারপ্রাপ্ত সভাপতি তাজুল ইসলাম দুলাল চৌধুরী, প্রভাষক মনিরুজ্জামান মনির, নলছিটি বন্দর প্রাথমিক বিদ্যালয়ের প্রধানশিক্ষক আবদুস সাত্তার মল্লিক প্রমুখ।

ঝালকাঠি জেলার ঘূর্ণিঝড় সিডর-আক্রান্ত ৩০টি প্রাথমিক বিদ্যালয়ের স্কুলগামী শিশুদের এই প্রথম বিদেশি দাতা সংস্থার অর্থায়নে দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ঝালকাঠি সদর, নলছিটি, রাজাপুর, কাঁঠালিয়া উপজেলার ৩ হাজার দরিদ্র পরিবারের মধ্যে ত্রাণসামগ্রী বিতরণ করে।



নলছিটিতে সিডিডি ও ডার্ক অ্যান্ড লাইট ব-াইন্ড কেয়ার দি নেদার ল্যান্ড আক্রান্ত স্কুলগামী শিশুদের উপহারসামগ্রী বিতরণ করছেন নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম -নলছিটিটি প্রতিনিধি

পৃষ্ঠা-৩, কলাম ৪-৮, দৈনিক বরিশাল বার্তা

দৈনিক আজকের বার্তা
বরিশাল ॥ শুক্রবার ১ ফেব্রুয়ারী ২০০৮ ইং ১৯ মাঘ ১৪১৪ বাংলা



নলছিটিতে সিডিডি ও ডার্ক লাইট ব্লাইন্ড ফেয়ার দি নেদারল্যান্ডস এর সহায়তায় দুমাউসের উদ্যোগে সিডর আক্রান্ত স্কুলগামী শিশুদের উপহার বিতরণ করছেন নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম-আজকের বার্তা

# নলছিটিতে সিডর আক্রান্ত স্কুলগামী শিশুদের মধ্যে উপহার সামগ্রী বিতরণ

**নলছিটি প্রতিনিধি ॥** সেন্টার ফর ডিজএ্যাবলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি) ও ডার্ক এন্ড লাইট ব্লাইন্ড কেয়ার, দি নেদারল্যান্ডস এর সহায়তায় দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) নলছিটি উপজেলার পাওতা বাজারে দুমাউস ট্রেনিং সেন্টারে গত মঙ্গলবার সকাল ১০ ঘটিকায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের সিডরে আক্রান্ত স্কুলগামী ছাত্র-ছাত্রীদের মধ্য (শিক্ষা উপকরণ) উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শিশুদের মাঝে এ উপহার সামগ্রী তুলে দেন। উপহার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাওতা মাধ্যমিক বিদ্যালয়ের সহ-সভাপতি মোঃ শওকত হোসেন খান শাহজাহান। অন্যান্যদের মধ্যে বক্তব্য দেন দুমাউস এর নির্বাহী পরিচালক এইএম আখতারুজ্জামান, নলছিটি প্রেসক্লাব সেক্রেটারী মোঃ এমদাদুল হক মিলটন, পাওতা হাই স্কুলের প্রধান শিক্ষক মোঃ ফারুক হোসেন জোমাদ্দার, ম্যানেজিং কমিটির সদস্য মোঃ নুরুল হক হাওলাদার, ফিরোজ আলম প্যাদা, আবদুল খালেক হাওলাদার, মিন্টু বিশ্বাস প্রমুখ। ওই দিন বিকেল ৪ ঘটিকায় নলছিটি পুরান বাজারস্থ দুমাউস কার্যালয়ে ৮টি আইটেম সম্বলিত প্যাকেট (শিক্ষা উপকরণ) নলছিটি পৌর এলাকার ছাত্র-ছাত্রীদের মাঝে বিতরণ করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নলছিটি ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক মোঃ মোস্তাফিজুর রহমান। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম, নলছিটি ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক সামসুল আলম খান বাহার, কোস্টাল বেল্ট এনজিও নেটওয়ার্ক (সিবিএনএন) এর ভারপ্রাপ্ত সভাপতি মোঃ তাজুল ইসলাম দুলাল চৌধুরী, প্রভাষক মল্লিক মনিরুজ্জামান, সাংবাদিক ডাঃ ইউসুফ আলী তালুকদার, নলছিটি বন্দর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুস সত্তার মল্লিক, দুমাউস এর কোষাধ্যক্ষ মোঃ আবুল হোসেন প্রমুখ।

পৃষ্ঠা-৩,কলাম-৭-৮ম

# যুগান্তর

মঙ্গলবার, ২৫ পৌষ, ১৪১৪

Tuesday, 8 January, 2008





৪ জানুয়ারি ঝালকাঠি জেলার কাঁঠালিয়া উপজেলাধীন ১নং চেঁচরি রামপুর ইউনিয়ন পরিষদের সামনে 'সিডিডি ও ক্রিস্টোফেল ব্লাইন্ড মিশন জার্মানি'র আর্থিক সহায়তায় 'দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি' (দুমাউস) কর্তৃক প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক, দুমাউসের নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান, দৈনিক ইত্তেফাকের নির্বাহী কর্মকর্তা (প্রশাসন) মোঃ শাহজালাল মিয়া, চেঁচরি রামপুর ইউপির চেয়ারম্যান আঃ মালেক খান, কেয়ার অ্যাডভারটাইজিং ঢাকার স্বত্বাধিকারী ফরিদুজ্জামান জাহাঙ্গীর প্রমুখ

# নয়া দিগন্ত

ঢাকা, সোমবার, ২৪ পৌষ ১৪১৪, ৭ জানুয়ারি ২০০৮





## প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ বিতরণ

সম্প্রতি ঝালকাঠি জেলার কাঁঠালিয়া উপজেলার ১ নম্বর চেঁচরী রামপুর ইউনিয়ন পরিষদে দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) কর্তৃক প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁঠালিয়া উপজেলার নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক, দুমাউস'র নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান, দৈনিক ইত্তেফাক-এর নির্বাহী কর্মকর্তা (প্রশাসন) মো: শাহজালাল মিয়া, চেঁচরী রামপুর ইউপি'র চেয়ারম্যান আ: মালেক খান ও কেয়ার অ্যাডভারটাইজিং, ঢাকার স্বত্বাধিকারী ফরিদুজ্জামান জাহাঙ্গীর প্রমুখ। বিজ্ঞপ্তি।

পৃষ্ঠা-১২, কলাম- ৭ম-৮ম

অর্থ-শিল্প-বাণিজ্য

দৈনিক
# ইত্তেফাক
০৮/০১/২০০৮ ইং
ঢাকা ঃ মঙ্গলবার ২৫ পৌষ ১৪১৪




গত ৪ জানুয়ারী '০৮ শুক্রবার ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন ১ নং চেঁচরী রামপুর ইউনিয়ন পরিষদের সামনে 'সিডিডি ও ক্রিষ্টোফেল ব্লাইন্ড মিশন জার্মানীর আর্থিক সহায়তায়' 'দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)' কর্তৃক প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক, দুমাউস-এর নির্বাহী পরিচালক এইচ. এম. আখতারুজ্জামান, দৈনিক ইত্তেফাক-এর নির্বাহী কর্মকর্তা (প্রশাসন) মোঃ শাহজালাল মিয়া, চেঁচরী রামপুর ইউপি চেয়ারম্যান আঃ মালেক খান ও কেয়ার অ্যাডভারটাইজিং, ঢাকা-এর সত্ত্বাধিকারী ফরিদুজ্জামান জাহাঙ্গীর প্রমুখ

পৃষ্ঠা-৫, কলাম ২-৩য়, মহানগর

## নলছিটিতে সরকারের বর্ষপূর্তি উপলক্ষে উদ্বুদ্ধকরণ অনুষ্ঠান উদযাপন

॥ নলছিটি সংবাদদাতা ॥

কেয়ারটেকার সরকারের বর্ষপূর্তি উপলক্ষে জেলা তথ্য অফিসের উদ্যোগে সোমবার নলছিটি পৌরসভা চত্বরে উদ্বুদ্ধকরণ কর্মসূচীর আয়োজন করা হয়। উপজেলার গুরুত্বপূর্ণ এলাকায় কেয়ারটেকার সরকারের সফলতা তুলে ধরে দিনভর মাইকিং এবং বিকাল ৫টায় পৌরসভা চত্বরে চলচ্চিত্র ও সঙ্গীতানুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার কানাইলাল সাহা, কমিশনার কাজী জাহাঙ্গীর হোসেন, সরওয়ার হোসেন তালুকদার, লিটন খান প্রমুখ।

পৃষ্ঠা-৪, কলাম-১ম

অন্যান্য খবর

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
শুধু দেশ ও জনগণের পক্ষে

ঢাকা সোমবার, ২৪ পৌষ ১৪১৪, ৭ জানুয়ারী ২০০৮



গত ৪ ডিসেম্বর ঝালকাঠী জেলার কাঠালিয়া উপজেলাধীন ১নং চেঁচরী রামপুর ইউনিয়ন পরিষদের সামনে 'দুস্থ মানব উন্নয়ন সোসাইটি' কর্তৃক প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক, দুমাউস-এর নির্বাহী পরিচালক এইচ. এম. আখতারুজ্জামান, দৈনিক ইত্তেফাক-এর নির্বাহী কর্মকর্তা (প্রশাসন) মোঃ শাহজালাল মিয়া, কেয়ার অ্যাডভারটাইজিং ঢাকা-এর স্বত্বাধিকারী ফরিদুজ্জামান জাহাঙ্গীর প্রমুখ

পৃষ্ঠা-৬, কলাম-৪-৫ম, মহানগর পাতা

আজকের পরিবর্তন

বরিশাল ❑ ৬ষ্ঠ বর্ষ ❑ ৯৯ তম সংখ্যা ❑ রবিবার ❑ ২৩ পৌষ ১৪১৪ ❑ ০৬ জানুয়ারী ২০০৮

# দুর্গত মানুষের পাশে যারা

**গৌরনদী প্রতিবেদক ॥** জাপানের ইয়ামা মটো ট্রেডিং কোম্পানীর কান্ট্রি ডাইরেক্টর ও স্বেচ্ছাসেবী সংগঠন পল্লী সেবা বহুমুখী সংস্থার উপদেষ্টা হিরোশী মরিকাওয়া বলেছেন, আমরা ঘূর্ণিদুর্গতদের খাদ্য, শিক্ষা ও কর্মসংস্থানের ক্ষেত্রে সহযোগিতা করতে চাই। ঘূর্ণিঝড়ে এদেশের মানুষের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এরপরেও বেঁচে থাকার জন্য সকলকে চেষ্টা চালাতে হবে। আমাদের দেশে অহরহ এ ধরণের প্রাকৃতিক দুর্যোগ হচ্ছে। ১০ বছর আগে ভুমিকম্পে জাপানের ৬ হাজার লোক মারা গেছে। তিনি আরো বলেন- জাপান সরকার সবসময় বাংলাদেশীদের সব ধরণের সহায়তা করে যাচ্ছে। তিনি গৌরনদীর সিডর আক্রান্ত দুর্গতদের মাঝে ত্রাণ বিতরণকালে এসব কথা বলেন। পল্লী সেবা বহুমুখি সংস্থার উদ্যোগে টরকী বন্দর ভিক্টোরী মাধ্যমিক বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে গত শনিবার সিডর উপদ্রুত গৌরনদীর সহস্রাধিক পরিবারের মধ্যে ১০ কেজি করে চাল, শাড়ি, লুঙ্গিসহ বিভিন্ন ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও পাঁচ শতাধিক রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়। এ সময় গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার মোঃ রফিকুল ইসলাম, সুইজারল্যান্ড প্রবাসী ও পল্লী সেবা বহুমুখী সংস্থার সভাপতি আবুল কালাম আজাদ, সহ-সভাপতি ডেভিড মুখাটি, সদস্য এম.এল গোমেজ উপস্থিত ছিলেন।

**বামনা প্রতিবেদক জানায়-** বরগুনার বামনা উপজেলায় ৩ জানুয়ারী ফারিয়ালারা ফাউন্ডেশন কার্যালয়ে কৈয়ানিয়ার অর্থায়নে ত্রাণ বিতরণ করেন- বিশিষ্ট কথা সাহিত্যিক সেলিনা হোসেন। উপজেলার ঘূর্ণিদুর্গত ৮০০ পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন ফারিয়ালারা ফাউন্ডেশনের চেয়ারম্যান মজনু খান, কৈয়নিয়ার প্রতিনিধি রতন সরকার, ডেভিড, ফারিয়া লারা ফাউন্ডেশন বরগুনা জেলা সমন্বয়ক আব্দুল আলিম হিমু। ত্রাণ বিতরণে সার্বিক সহযাগিতা করে মৃত্তিকা নিকেতন।

**ঝালকাঠী প্রতিবেদক জানায়-** কাঠালিয়া উপজেলার চেচরীরামপুর ইউনিয়ন পরিষদে বসে ৪ শ' দুর্গত প্রতিবন্ধী পরিবারের মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করেছে। গত শুক্রবার এই ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার আয়োজনে এতে সিডিডি'র সহায়তা করেছে। ত্রাণ সামগ্রীর মধ্যে ছিল ১০ কেজি চাল, ১ কেজি ডাল, ১ কেজি চিনি, চিড়া, লবণসহ ১ টি করে কম্বল।
বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন- কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক। এ সময় অন্যদের মধ্যে দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার চেয়ারম্যান আখতারুজ্জামান বাচ্চু, ইত্তেফাকের চীফ এক্সিকিউটিভ মোঃ শাহজালাল সাবু, কেয়া এডভার্টাইজিং ফার্মের মালিক জাহাঙ্গীর হোসেন ফরিদ, ডোনার প্রতিনিধি মোঃ ইয়াহিয়া, ডাঃ ইউনুচ আলী, কাঠালিয়া প্রেসক্লাব সভাপতি সিকদার মোঃ কাজল, নলছিটি প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এমদাদুল হক মিলটন, দু'মাউস সমন্বয়কারী আবুল হোসেন।

**ডব্লিউটি বিবি ট্রাস্ট**

ডব্লিউটি বিবি ট্রাস্ট এর উদ্যোগে ইয়েস বাংলাদেশ এর স্থানীয় সহযোগিতায় ঝালকাঠীর বিনয়কাঠীতে সিডর ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা হয়। মানপাশা গ্রামে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- ইয়েস বাংলাদেশ নির্বাহী পরিচালক ইসাহাক আলী মিজান, সহকারী প্রধান শিক্ষক মোশারফ শরীফ, স্টীমারঘাট ব্যবসায়ী সমিতির সভাপতি গাজী আসলাম হোসেন টিটু, ইয়েস বাংলাদেশ প্রোগ্রাম সহকারী মোঃ মনিরুজ্জামান তালুকদার। ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে শীতবস্ত্র হিসেবে কম্বল ও মহিলাদের গায়ের চাদর বিতরণ করা হয়।

দৈনিক মতবাদ
বরিশাল, রবিবার, ৬ জানুয়ারি ২০০৮ইং

# কাঠালিয়ায় এনজিও'র ত্রাণ ও পূর্ণবাসন কার্যক্রম

কাঠালিয়া প্রতিনিধি

জেলা, উপজেলা প্রশাসন ও সেনাবাহিনীর সহায়তায় গত শুক্রবার দিনভর সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট ও ক্রিস্টোফেল ব্লাইন্ডেনমিশন, জার্মানীর সহায়তা দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) ত্রাণ ও পূর্ণবাসন কার্যক্রম উদ্বোধন করেন কাঠালিয়া উপজেলা নির্বাহী অফিসার ড. গোলাম ফারুক। কাঠালিয়া উপজেলার প্রতিবন্ধি জনগোষ্ঠির মধ্যে কম্বল, চাল, ডাল, লবন, চিড়া, তেল, চিনিসহ ১১ আইটেম সম্বিলত ৪শত প্যাকেট ৪শত প্রতিবন্ধি পরিবারের মধ্যে বিতরণ করা হয়। এ সময় অন্যান্যর মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক ইত্তেফাকের প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহজালাল মধু, কেয়ার এ্যাডভার্টাইজিং এর মালিক জাহাঙ্গীর হোসেন ফরিদ, ইউপি চেয়ারম্যান আবদুল মালেক খান, সিডিডি'র প্রতিনিধি এয়াহিয়া, দুমাউস এর নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান প্রমুখ।

দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) এর ত্রাণ ও পূর্ণবাসন প্রকল্পের আওতায় এ পর্যন্ত জেলা ২ হাজার জনগোষ্ঠির মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

দৈনিক মতবাদ
বরিশাল, রবিবার, ৬ জানুয়ারি ২০০৮ইং

# কাঠালিয়ায় এনজিও'র ত্রাণ ও পূর্ণবাসন কার্যক্রম

কাঠালিয়া প্রতিনিধি

জেলা, উপজেলা প্রশাসন ও সেনাবাহিনীর সহায়তায় গত শুক্রবার দিনভর সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট ও ক্রিস্টোফেল ব্লাইন্ডেনমিশন, জার্মানীর সহায়তা দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) ত্রাণ ও পূর্ণবাসন কার্যক্রম উদ্বোধন করেন কাঠালিয়া উপজেলা নির্বাহী অফিসার ড. গোলাম ফারুক। কাঠালিয়া উপজেলার প্রতিবন্ধি জনগোষ্ঠির মধ্যে কম্বল, চাল, ডাল, লবন, চিড়া, তেল, চিনিসহ ১১ আইটেম সম্বলিত ৪শত প্যাকেট ৪শত প্রতিবন্ধি পরিবারের মধ্যে বিতরণ করা হয়। এ সময় অন্যান্যর মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক ইত্তেফাকের প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহজালাল মধু, কেয়ার এ্যাডভাটাইজিং এর মালিক জাহাঙ্গীর হোসেন ফরিদ, ইউপি চেয়ারম্যান আবদুল মালেক খান, সিডিডি'র প্রতিনিধি এয়াহিয়া, দুমাউস এর নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান প্রমুখ।

দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) এর ত্রাণ ও পূর্ণবাসন প্রকল্পের আওতায় এ পর্যন্ত জেলা ২ হাজার জনগোষ্ঠির মধ্যে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

যায়যায়দিন
০৮.০১.২০০৮




সম্প্রতি ঝালকাঠি জেলার কাঠালিয়া উপজেলাধীন ১নং চেচরী রামপুর ইউনিয়নে সিডিডি ও ক্রিস্টোফেল ব্লাইন্ড মিশন জার্মানির আর্থিক সহায়তায় 'দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)' কর্তৃক প্রতিবন্ধীদের মধ্যে রিলিফ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক, দুমাউসের নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান

পৃষ্ঠা-৫, কলাম-২-৪র্থ, বিজনেস

দৈনিক শতকণ্ঠ

রবিবার ২৩ পৌষ ১৪১৪ ॥ ৬ জানুয়ারী ২০০৮

# কাঠালিয়ায় দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার ত্রাণ বিতরণ

স্টাফ রিপোর্ট ॥ ঝালকাঠির কাঠালিয়া উপজেলার চেঁচরীরামপুর ইউনিয়নে ৪শ' দুর্গত প্রতিবন্ধী পরিবারের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। শুক্রবার এই ত্রাণ বিতরণ করা হয়েছে। দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার আয়োজনে এতে সিডিডি সহায়তা করেছে। ত্রাণ সামগ্রীর মধ্যে ছিল ১০ কেজি চাল, ১ কেজি ডাল, ১ কেজি

(শেষের পাতায় দেখুন)

## কাঠালিয়ায় দুঃস্থ মানব

(প্রথম পাতার পর)

চিনি, চিড়া, লবণ সহ ১টি করে কম্বল। বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন কাঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক। এ সময় অন্যদের মধ্যে দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার চেয়ারম্যান আখতারুজ্জামান বাচ্চু, ইত্তেফাকের চীফ এক্সিকিউটিভ মোঃ শাহজালাল, কেয়া এ্যাডভাটাইজিং ফার্মের মালিক জাহাঙ্গীর হোসেন ফরিদ, ডোনার প্রতিনিধি মোঃ ইয়াহিয়া, ডাঃ ইউনুচ আলী, কাঠালিয়া প্রেসক্লাব সভাপতি সিকদার মোঃ কাজল সহ জেলা ও উপজেলা পর্যায় সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

# সমকাল

৩।০২।২০০৮




ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলায় চেঁচরী রামপুর ইউনিয়ন পরিষদের সামনে গত শুক্রবার সিডিডি ও ক্রিস্টোফেল ব্লাইন্ড মিশন জার্মানির আর্থিক সহায়তায় দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) প্রতিবন্ধীদের মাঝে ত্রাণ বিতরণ করে। এ সময় উপস্থিত ছিলেন কাঁঠালিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ড. গোলাম ফারুক, দুমাউসের নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান, দৈনিক ইত্তেফাকের নির্বাহী কর্মকর্তা (প্রশাসন) মোঃ শাহজালাল মিয়া, চেঁচরী রামপুর ইউপি চেয়ারম্যান আঃ মালেক খান, কেয়ার অ্যাডভার্টাইজিং ঢাকার স্বত্বাধিকারী ফরিদুজ্জামান জাহাঙ্গীর প্রমুখ

আজকের পরিবর্তন

বরিশাল । ৬ষ্ঠ বর্ষ । ৭৮তম সংখ্যা । বুধবার । ২৮ অগ্রহায়ণ ১৪১৪ । ১২ ডিসেম্বর ২০০৭

**নলছিটি প্রতিবেদক জানায়-** বাংলাদেশ সেনাবাহিনী, পুলিশ ও উপজেলা প্রশাসনের সহায়তায় সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) ও ক্রিস্টোফেল ব্লাইন্ডেনমিশন, জার্মানীর অর্থ সহায়তায় দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) নলছিটি পৌরসভাসহ ১০ ইউনিয়নে ৫ শত প্রতিবন্ধীর মাঝে ১ টি কম্বল, ১০ কেজি চাল, ২ কেজি মশুর ডাল, ১ কেজি চিনি, ১ কেজি চিড়া, ১ কেজি লবণ, ১ লিটার সয়াবিন তেল, ৬ টি মোমবাতি, ১ ডজন দিয়াশলাই, ২ টি সাবান, ৫ টি ওরাল স্যালাইন সম্বলিত ৫ শত প্যাকেট গত সোমবার নলছিটি উপজেলা পরিষদ চত্বরে বিতরণ করেন। সকাল ১০ টায় উপজেলা নির্বাহী অফিসার মোঃ সেকেন্দার হায়াত রিজভী উক্ত ত্রাণ কার্যক্রম উদ্বোধন করেন।

ত্রাণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সংস্থার ত্রাণ ও দরপত্র কমিটির আহবায়ক মল্লিক মনিরুজ্জামান, সদস্য সচিব এ্যাডভোকেট মোঃ মিজানুর রহমান মোল্লা, নলছিটি প্রেসক্লাব সভাপতি মোঃ এনায়েত করিম, সেক্রেটারী মোঃ এমদাদুল হক মিলটন, সাংবাদিক ডাঃ ইউসুফ আলী হাওলাদার, মোঃ জাহাঙ্গীর হোসেন, মোঃ আবুল হোসেন, সিবিএনএন এর ভারপ্রাপ্ত মোঃ তাজুল ইসলাম, দুলাল চৌধুরী, টেকসই উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক আবদুস ছালাম, নির্বাহী পরিচালক এইচ.এম আখতারুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এদিকে, ঝালকাঠীর জেলা প্রশাসক হরিপ্রসাদ পাল গত মঙ্গলবার নলছিটি উপজেলায় ত্রাণ কার্যক্রম পরিদর্শন করেন। ভয়াবহ ঘূর্ণিঝড় সিডর আঘাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের তালিকা নিয়ে জেলা প্রশাসনের সন্দেহ সৃষ্টি হয়। এই নির্দেশ প্রাপ্তির সঙ্গে সঙ্গে স্থানীয় জনপ্রতিনিধিরা বাড়ি বাড়ি গিয়ে রিলিফ (ত্রাণ কার্ড) কার্ড সংগ্রহ করে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের তালিকা নির্ধারণ করেন। পুনরায় যাচাই-বাছাই করে তালিকা গতকাল মঙ্গলবার জমা দেওয়া হয়।

দৈনিক আজকের বার্তা
বরিশাল ॥ মঙ্গলবার ৫ ডিসেম্বর ২০০৭ ইং ২০ অগ্রহায়ণ ১৪১৪ বাং

# ক্ষতিগ্রস্তদের সাহায্যে যারা এগিয়ে এলেন

বার্তা ডেস্ক ॥ ঘূর্ণিঝড় সিডরের আঘাতে ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে ত্রাণ বিতরণ, চিকিৎসা সেবা, ঔষধ বিতরণ, নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিতরণ অব্যাহত রয়েছে। বিভিন্ন সরকারী, বেসরকারী সংগঠন, ব্যক্তি প্রতিষ্ঠান এ কাজে অংশ নিচ্ছেন।

## নলছিটি

নলছিটি সংবাদদাতা জানান, গত মঙ্গলবার নলছিটি উপজেলায় বাংলাদেশ ডেভলপমেন্ট সোসাইটি (বিডিএস) ও আন্তর্জাতিক সংস্থা প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ স্থানীয় সংগঠন দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) সহযোগিতায় নলছিটি উপজেলার কুলকাঠি, রানাপাশা ও নাচনমহল ইউনিয়নে ক্ষতিগ্রস্ত হতদরিদ্র ৪৫০ পরিবারের মধ্যে চাল, ডাল, তেল, চিড়া, চিনি, লবন, আলু, ম্যাচ, মোমবাতি সম্বলিত ৪৫০টি প্যাকেট ত্রাণ হিসাবে বিতরণ করা হয়েছে। একই দিনে উপজেলার গোবিন্দপুর এলাকায় শ্রমজীবি উন্নয়ন সংস্থা ত্রাণ সামগ্রী বিতরণ করছে।

দৈনিক ইত্তেফাক
০৫/১২/২০০৭
ঢাকা ঃ বুধবার ২১ অগ্রহায়ণ ১৪১৪

নলছিটি (ঝালকাঠি) সংবাদদাতা ॥ গতকাল মঙ্গলবার নলছিটি উপজেলায় বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস) ও আন্তর্জাতিক সংস্থা প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশের স্থানীয় সংগঠন দুস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) সহযোগিতায় নলছিটি উপজেলার কুলকাঠি, রানাপাশা ও নাচনমহল ইউনিয়নে ত্রাণ বিতরণ করে। একইদিনে উপজেলার গোবিন্দপুর এলাকায় শ্রমজীবী উন্নয়ন সংস্থা ত্রাণসামগ্রী বিতরণ করে। সরকারিভাবে গতকাল থেকে ইউনিয়ন- পরিষদের মাধ্যমে ভিজিএফ চাল বিতরণ শুরু করা হয়েছে।

পৃষ্ঠা-১৫, কলাম- ২য়

অন্যান্য খবর

আজকের পরিবর্তন
বর্ষ ॥ ৭২তম সংখ্যা ॥ বৃহস্পতিবার ॥ ২২ অগ্রহায়ণ ১৪১৪ ॥ ০৬ ডিসেম্বর ২০০৭

নলছিটি প্রতিবেদক জানায়- নলছিটিতে বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস) ও আন্তর্জাতিক সংস্থা প্রাকটিক্যাল এ্যাকশন বাংলাদেশ স্থানীয় সংগঠন দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) সহযোগিতায় মঙ্গলবার ত্রাণ বিতরণ করা হয়েছে। নলছিটির কুলকাঠী, রানাপাশা ও নাচনমহল ইউনিয়নে ঝড়ে ক্ষতিগ্রস্ত ৪৫০ পরিবারের মধ্যে ত্রাণ হিসেবে চাল, ডাল, তেল, চিড়া, চিনি, লবণ, আলু, ম্যাচ, মোমবাতিসহ ৪৫০ টি প্যাকেট বিতরণ করা হয়। ত্রাণ বিতরণকালে বিডিএস'র উপ-পরিচালক জেমস পি বিশ্বাস, প্রাকটিক্যাল এ্যাকশনের সিনিয়র প্রজেক্ট অফিসার শৈবাল বড়ুয়া, সিনিয়র মার্কেট প্রোমোশনাল অফিসার তৌফিকুল ইসলাম, দুমাউস এর নির্বাহী পরিচালক এইচ মল্লিক, মনিরুজ্জামান, নলছিটি প্রেসক্লাব সম্পাদক মোঃ এমদাদুল হক মিলটন, সাংবাদিক ইউসুফ তালুকদার প্রমুখ উপস্থিত ছিলেন।

নলছিটিতে সেনা সহায়তায় ভিজিএফ এর চাল বিতরণ শুরু হয়েছে। গতকাল মঙ্গলবার সিদ্ধকাঠী, কুলকাঠী, দপদপিয়া, মগড় ইউনিয়ন ও নলছিটি পৌরসভায় জনপ্রতি ১৫ কেজি করে ভিজিএফ'র চাল বিতরণ করা হয়েছে। ডিসেম্বর হতে আগামী মার্চ পর্যন্ত উপজেলায় মাসে ২৭ হাজার ৫ শত জন লোকের মাঝে এ চাল বিতরণ করা হবে। প্রতি ইউনিয়নে ২ হাজার ৫ শত নারী-পুরুষ এ ভিজিএফ'র আওতায় আসবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

নলছিটি ঝড়ে ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ ও মেরামতের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের কাছে চেক বিতরণ করা হয়েছে। নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা সেকেন্দার হায়াত রিজভী তার কক্ষে এ চেক বিতরণ করেন। গতকাল সরকারি বরাদ্দের অর্ধেক টাকা হিসেবে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত ৭ টি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিটিতে ১ লাখ ২৫ হাজার ৩১৩ টি আংশিক ক্ষতিগ্রস্ত শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে প্রতিটিতে ২৫ হাজার টাকা চেক বিতরণ করা হয়।

দৈনিক বরিশালবার্তা
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ৬ ডিসেম্বর ২০০৭ ॥ ২২ অগ্রহায়ণ ১৪১৪

# নলছিটিতে দুমাউসের ত্রাণ বিতরণ

নলছিটি প্রতিনিধি

৪ ডিসেম্বর উপজেলায় বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি (বিডিএস) ও আন্তর্জাতিক সংস্থা প্রাকটিক্যাল অ্যাকশনের সহযোগিতায় নলছিটি

দ্বিতীয় পৃষ্ঠার ৬ষ্ঠ কলাম দেখুন

## নলছিটিতে দুমাউসের

উপজেলার কুলকাঠি, রানাপাশা ও নাচনমহল ইউনিয়নে ক্ষতিগ্রস্ত হতদরিদ্র ৪৫০ পরিবারের মধ্যে চাল, ডাল, সয়াবিন তেল, চিড়া, চিনি, লবণ, আলু, ম্যাচ ও মোমবাতিসম্বলিত প্যাকেট ত্রাণ হিসাবে বিতরণ করা হয়। বিডিএস'র উপ-পরিচালক জেমস পি বিশ্বাস, প্রাকটিক্যাল অ্যাকশনের সিনিয়র প্রজেক্ট অফিসার শৈবাল বড়ুয়া, সিনিয়র মার্কেট প্রোমোশন অফিসার মোঃ তৌফিকুল ইসলাম, দুমাউসের নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান বাচ্চু, দুমাউসের ত্রাণ কমিটির আহবায়ক প্রভাষক মল্লিক মনিরুজ্জামান মনির, নলছিটি প্রেসক্লাব সাধারণ সম্পাদক মোঃ এমদাদুল হক মিলটন, সাংবাদিক মোঃ ইউসুফ আলী তালুকদার প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন। একই দিনে উপজেলার গোবিন্দপুর এলাকায় শ্রমজীবী উন্নয়ন সংস্থা ত্রাণসামগ্রী বিতরণ করে।

দৈনিক
# বরিশালবার্তা

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ৮ এপ্রিল ২০০৮ ॥ ২৫ চৈত্র ১৪১৪




নলছিটিঃ দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ও বাংলাদেশ তামাক বিরোধী জোটের সহায়তায় নলছিটি উপজেলার টাস্কফোর্স কমিটির করণীয় শীর্ষক কর্মশালা

-বরিশাল বার্তা

# পরিবর্তন

বরিশাল ॥ ৭ম বর্ষ ॥ ৩৫তম সংখ্যা ॥ সোমবার ॥ ০৫ কার্তিক ১৪১৫ ॥ ২০ অক্টোবর ২০০৮


## নলছিটি সংবাদ

### বিশ্ব সাদাছড়ি দিবস পালিত

বর্তমানে মোঃ আখতারুজ্জামান হাওলাদার, সমাজের একজন প্রতিষ্ঠিত ব্যক্তি। তিনি বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত। বর্তমানে তিনি দুঃস্থ মানব উন্নয়ন সংস্থা (দুমাইস) এর সভাপতি, দঃ পাওতা যুব ও যুব মহিলা সমবায় সমিতি লিঃ এর প্রতিষ্ঠাতা সভাপতি, সৃজন শীল সাহিত্য পরিষদের প্রতিষ্ঠাতা সম্পাদক, এর দায়িত্ব পালন করছেন। তিনি বলেন, নিজের কর্ম ও সাধনার মধ্য দিয়ে আমি দেশ ও মানুষের জন্য একটা যুগান্তকারী পদক্ষেপ নিতে ভবিষ্যতে তিনি হ্যাচারী, ইনকুবেটর মেশিনের সাহায্যে মুরগীর বাচ্চা উৎপাদন, করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়া ডেইরীর খামার স্থাপনের পরিকল্পনাও তার রয়েছে। সে খুলনা থেকে উন্নত জাতের মাছের পোনা, বরিশাল আমানত গঞ্জ থেকে উন্নত জাতের মুরগীর বাচ্চা, বরিশাল লাইন রোড থেকে উন্নত জাতের বৃক্ষর বীজ সংগ্রহ করেন। যখনই তিনি সময় পান নিজেই পানিতে নেমে কাজ করেন তিনি বলেন, পরিশ্রম ছাড়া এই জাতির উন্নয়ন সম্ভব নয়। তাই তিনি সকল বেকার যুবকদের উদ্দেশ্যে বলেন, বিদেশ বা চাকুরীর পিছনে না ঘুরে কঠোর পরিশ্রমের মাধ্যমে নিজেদের ভাগ্যোন্নয়নের পরামর্শ দেন।

শেষ পাতা

দৈনিক সত্য সংবাদ

বরিশাল ॥ ০৮ জুলাই মঙ্গলবার -২০০৮

# প্রতিবন্ধী আনোয়ার হোসেন ভিক্ষা করে ছেলে মেয়ের ভবিষ্যৎ গড়ার স্বপ্ন দেখছে


কে এম সবুজ, নলছিটি □

স্থানীয় এনজিও দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) সহযোগিতা নিয়ে ভিক্ষুক আনোয়ার হোসেন ছেলে মেয়ের লেখাপড়া করিয়ে ভবিষ্যত গড়ার স্বপ্ন দেখছেন। নলছিটি উপজেলার ষাইটপাকিয়া ফেরীঘাটে ভিক্ষাবৃত্তি করে শারিরীক প্রতিবন্ধী আনোয়ার হোসেন। তার বড় ছেলে সোহাগ মিয়া ভান্ডারিয়া ডিগ্রী কলেজ থেকে এইচএসসি পরীক্ষার্থী, ছোট ছেলে হাসান মিয়া গালুয়া জিকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৩য় শ্রেণীর ছাত্র। মেয়ে রেখসনা বেগম গালুয়া জিকে মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ছাত্রী। সে এখন ২ ছেলে ও ১ মেয়েকে লেখপড়া করে ভাল চাকুরী করার স্বপ্ন দেখছেন। সে প্রতিবন্ধী হলেও জীবন যুদ্ধে হারতে রাজি নয়। প্রায় ১০ বছর আগে টাইফয়েড জ্বরে আক্রান্ত হয়ে শারিরীক প্রতিবন্ধী হয়েও ভিক্ষা করে ছেলে মেয়ের লেখাপড়া চালিয়ে যাচ্ছেন। নেই তার বাড়ি-ঘর, সহায়-সম্বল, জমি-জমা। তাই বাধ্য হয়ে পথেঘাটে অন্যর বাড়িতে থাকছেন। গত ১৫ নভেম্বর ভয়াবহ ঘূর্ণিঝড় সিডরের আঘাতে তার হুইল চেয়ার ও নৌকায় গাছ পড়ে ভেঙ্গে তছনছ হয়ে যায়। স্থানীয় এনজিও দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ও ষাইটপাকিয়া ফেরীঘাটের লোকজন আনোয়ার মিয়ার বসবাসের



নলছিটি উপজেলার ষাইটপাকিয়া ফেরীঘাট এলাকায় ভিক্ষাবৃত্তি করে ছেলে মেয়েদের লেখাপড়া এবং সংসার খরচ যোগার করছেন শারিরীক প্রতিবন্ধী মোঃ আনোয়ার হোসেন মিয়া। রাজাপুর উপজেলার গালুয়া এলাকার মিয়া বাড়ির পুত্র আনোয়ার হোসেন। তার পৈত্রিক বসত ভিটা বিক্রি করে এখন পেশায় ভিক্ষুক। তারপাশে দাড়িয়েছে স্থানীয় এনজিও দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)। ...............নিজস্ব আলোকচিত্রী

জন্য পুনঃরায় ছোট একটি নৌকা, চলাচলের জন্য রিক্সা ভ্যান তৈরী করে দিয়েছেন। আনোয়ার হোসেনের একদিন বাড়ি-ঘর, জমি-জমা সবই ছিল। গোয়াল ভরা ধান, পুকুর ভরা মাছ, ক্ষেত ভরা ফসলের ছিল সমাহর। সে ছিল স্থানীয় মক্তবের আরবী শিক্ষক। ১৯৯৮ সালে ভয়াবহ টাইফয়েড জ্বরে আক্রান্ত হন আনোয়ার হোসেন। বাংলাদেশের ডাক্তার, কবিরাজ, ওজা, বৈদ্যর চিকিৎসা শেষে ২০০০ সালে ভারতের মদ্রাজে পাড়ি জমান। সেখানে ৩ মাস চিকিৎসা শেষে নিঃস্ব হয়ে জন্মভূমিতে ফিরে আসেন খালি হাতে। বাড়ি-ঘর হারিয়ে রাজাপুর উপজেলার গালুয়া মিয়া বাড়ির ছেলে আনোয়ার হোসেন হাত তুলে নেয় ভিক্ষার ঝুলি। বংশের মান সম্মানের ভয়ে এলাকা ছেড়ে ভিক্ষাবৃত্তি করছেন পার্শ্ববর্তী নলছিটি উপজেলার ফেরীঘাটে। আনোয়ার হোসেনের পিতা জহির উদ্দিন মিয়া ছিলেন গাম্য মাতুব্বর। জীবনের শেষ প্রান্তে নিজের জন্য কোন চিন্তা করেন না। তিনি জানান, তার জীবনে স্বপ্ন ছেলে এবং মেয়েকে প্রতিষ্ঠিত করা। সে সরকারের সকল সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। এমনকি প্রতিবন্ধী বা বয়স্কও ভাতা পান না। তার বড় মেয়ে নার্গিছকে বিবাহ দিয়েছেন। সে ২ সন্তানের জননী। মেঝ মেয়ে রাজিয়া বেগম সামান্য কিছু লেখাপড়া করেছে। বিবাহ যোগ্য মেয়েকে অর্থাভাবে বিবাহ দিতে পারছেন না। তাকে ব্যবসা করার জন্য মুলধন দেওয়া হলে আর ভিক্ষাবৃত্তি করবেন না বলে জানিয়েছেন।



নলছিটি (ঝালকাঠি) অসহায় দুঃস্থ প্রতিবন্ধীদের মধ্যে অনুদানের নগদ অর্থ বিতরন করছেন ঝালকাঠির জেলা প্রশাসক হরি প্রসাদ পাল। এ সময় উপস্থিত ছিলেন উপ-পরিচালক মঞ্জুর আলম, ইউএনও সেকেন্দার হায়াত রিজভী। ............নিজস্ব আলোকচিত্রী

# নলছিটিতে ৬০ হাজার টাকা অসহায় ও দুঃস্থ প্রতিবন্ধীর মধ্যে বিতরন

প্রতিনিধি, নলছিটি □

প্রলয়ংকারী ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্থ দুঃস্থ অসহায় ৬০ জন প্রতিবন্ধীর মধ্যে ৬০ হাজার টাকা অনুদান গতকাল সোমবার উপজেলা নির্বাহী কর্মকর্তার কক্ষে বিতরন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ সেকেন্দার হায়াত রিজভী। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক হরিপ্রসাদ পাল। বিশেষ অতিথি ছিলেন উপ-পরিচালক মোঃ মনজুর আলম ডালিম। অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সোলায়মান মজুমদার, কুশঙ্গল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আলী আশ্রাব হাওলাদার, সুবিদপুর ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলাম শাহিন, ভৈরবপাশা ইউনিয়নের চেয়ারম্যান আবদুল হক হাওলাদার, মোল্লারহাট ইউনিয়নের চেয়ারম্যান আবদুল ছালাম, যুব উন্নয়ন অফিসার রফিকুল ইসলাম প্রমুখ। একই দিনে জেলা প্রশাসক নলছিটি উপজেলার মোল্লারহাট জেডএ ভূট্টো ডিগ্রী কলেজে সভা করেন

নলছিটিতে আগুনে পুড়িয়ে হত্যা

## পুলিশের বিরুদ্ধে মামলা গ্রহণ না করার অভিযোগ

॥ নলছিটি (ঝালকাঠি) থেকে সংবাদদাতা ॥

নলছিটি উপজেলার সিদ্ধকাঠি ইউনিয়নের তেওলা গ্রামে হাজেরা বেগম তার পুত্র আনোয়ার হোসেনকে আগুনে পুড়িয়ে হত্যা করা হয়েছে বলে গত বুধবার নলছিটি প্রেসক্লাবেএক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছেন। তিনি জানান, তার এক মাত্র পুত্র আনোয়ার ঘটনার দিন দোকানে ছিল। একদল সন্ত্রাসী দোকানে ঢুকে তার গায়ে আগুন ধরিয়ে দিয়ে দোকানের বাইরে থেকে শিকল তুলে দেয় এবং মোটর সাইকেলযোগে পালিয়ে যায়। ঘটনাটি স্থানীয় লোকজন প্রত্যক্ষ করেছেন। পুলিশ অজ্ঞাত কারণে ঘটনাস্থলে গিয়ে অসুস্থ আনো-

(১৪শ পৃঃ দ্রঃ)

### নলছিটিতে আগুনে

(৯ম পৃঃ পর)

য়ারের পিতার কাছ থেকে তার পুত্র বিদ্যুৎ সংযোগের আগুনে পুড়ে মারা গেছে বলে লিখিয়ে নেয়। নিহতের অভিভাবকরা থানায় অভিযোগ করতে চাইলেও অজ্ঞাত কারণে পুলিশ তা নিতে চাইছে না। পুলিশ তার সাথে দুর্ব্যবহার করেছে বলেও তিনি অভিযোগ করেন। গত ২৪ জানুয়ারী আনোয়ার তার নিজ দোকানে অগ্নিদগ্ধ হয়ে মারা যায়। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন নিহত আনোয়ারের মা, চাচা, আত্মীয়-স্বজন এবং উপজেলা ছাত্রদলের নেতৃবৃন্দ।

পৃষ্ঠা-৯, কলাম-১ম
আমার দেশ

## নলছিটিতে ইউনিয়ন যুবলীগের সম্মেলন

॥ নলছিটি (ঝালকাঠি) থেকে সংবাদদাতা ॥

নলছিটি উপজেলার সুবিদপুর ইউনিয়ন যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন গত ৬ ফেব্রুয়ারী তালতলা হাইস্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সম্মেলনে উপজেলা যুবলীগের আহবায়ক দুলাল শরীফ, আওয়ামী লীগের আহবায়ক কাজী ওবায়েদ হোসেন, আঃ লীগ নেতা তাজুল ইসলাম দুলাল চৌধুরী, মতিউর রহমান সরদার, মুনিরুজ্জামান মুনির, যুবলীগ নেতা আনোয়ার হোসেন, হান্নান, পুট্টু প্রমুখ বক্তব্য রাখেন। সম্মেলনে মতিউর রহমান, তালুকদারকে সভাপতি এবং শাহিন খানকে সাধারণ সম্পাদক করে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়।

পৃষ্ঠা-৮, কলাম-১ম
বরিশাল দিগন্তের খবর

দৈনিক
ইত্তেফাক
১৪/০২/২০০৪ইং
শনিবার, ২ ফাল্গুন ১৪১০



নলছিটি (ঝালকাঠি) ঃ দুঃস্থ মানব উন্নয়ন সংস্থা (দুমাউস) পরিচালিত কিশোর-কিশোরী উন্নয়ন প্রকল্পের কিশোরীদের প্রশিক্ষণশেষে মোরগ-মুরগী সরবরাহ করা হয় —ইত্তেফাক

# নলছিটির আর্থ-সামাজিক উন্নয়নে দুমাউস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে

নলছিটি (ঝালকাঠি) থেকে সংবাদদাতা ॥

ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান দুস্থ মানব উন্নয়ন সংস্থার (দুমাউস) কার্যক্রম দরিদ্র জনগোষ্ঠির দারিদ্য বিমোচন ও শিক্ষা কার্যক্রম বেশ সাড়া জাগিয়েছে। সংস্থার কার্যক্রম সাধারণ মানুষের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

১৯৮৯ সালে দুস্থ মানব উন্নয়ন সংস্থা (দুমাউস) নামের সংগঠনটি জন্ম লাভ করে। শুরু থেকেই সংস্থাটি গ্রামীণ সমাজের সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, মানবাধিকার সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রম নিয়ে কাজ করছে। কয়েক ব্যক্তির উদ্যোগে প্রতিষ্ঠিত দুমাউস সামান্য মূলধন নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে মূলধন প্রায় ৫০ লাখ টাকা। স্বল্প সময়ের মধ্যে দুমাউস নলছিটি উপজেলাসহ ঝালকাঠি জেলায় বেশ কিছু প্রকল্প চালু করেছে। এর মধ্যে ঋণদান কর্মসূচী হল অন্যতম। সংস্থা প্রায় দুই শতাধিক কেন্দ্র/সমিতি গঠনের মাধ্যমে গ্রামাঞ্চলের অসহায় মানুষের কল্যাণে ব্যাপক ভূমিক রাখছে।

দুমাউস পাওতা গ্রামে মৎস্য প্রকল্প হাতে নিয়েছে। এ প্রকল্প দিয়ে প্রতি বছর ৪/৫ লাখ টাকা আয় হয় বলে প্রকল্পের সদস্যরা জানান। কৃষি উন্নয়নে কীটনাশক সার ব্যবহার ও নিয়ন্ত্রণ বিষয়ে সভা সেমিনারের মাধ্যমে সচেতনতাসহ কম্পোস্ট সার তৈরী করার প্রকল্প হাতে নেয়া হয়েছে। প্রতি বছর গরীবদের মাঝে বিনামূল্যে গাছের চারা বিতরণ, কাঁচা ও খোলা পায়খানা বন্ধ করতে গ্রামে সচেতনা মূলক প্রচারাভিযানের পাশাপাশি দুস্থদের মাঝে রিং স্লাব বিতরণের কাজও চলছে। এ সকল কার্যক্রমের জন্য পাওতা গ্রামে মডেল হিসাবে কাজ করছেন বলে সংস্থার সমন্বয়কারী মোঃ আবুল হোসেন জানান।

শিক্ষা ক্ষেত্রেও দুমাউস নলছিটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এলাকার নিরক্ষর জনগোষ্ঠিকে স্বাক্ষর জ্ঞানদান করতে ১৯৯২ সাল থেকে উপা-অনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। নিজস্ব উদ্যোগ, প্রশিকা ও সরকারের প্রাথমিক ও গণ-শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে কাজ চলছে। বর্তমানে মানব উন্নয়নের জন্য সাক্ষর-উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প-১ চালু রয়েছে। দুমাউস মৌলিক, সামাজিক, প্রশিক্ষণ, লিডারশীপ ট্রেনিংসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দিয়ে থাকে।

সংস্থার নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান বিভিন্ন এনজিও'র মধ্যে সমন্বয় সাধনে প্রশংসনীয় ভূমিকা রাখছেন। ২০০৩ সালে দুমাউস শ্রেষ্ঠ সংগঠন হিসাবে পুরস্কার পেয়েছে।

পৃষ্ঠা-৮, কলাম-২য়-৪র্থ ॥
বরিশাল দিগন্তের খবর

দৈনিক
শাহনামা
THE DAILY SHAHNAMA
16/07/2008
বরিশাল ॥ বুধবার ॥ ১ শ্রাবণ-১৪১৫

# নলছিটিতে পিছিয়ে পড়া নারীদের নিয়ে দুমাউস তৃণমূল পর্যায়ে কাজ করছে

মোঃ আলমগীর হোসেন, *নলছিটি প্রতিনিধি* ॥ পিছিয়ে পড়া গ্রামীণ অবহেলিত, অসচেতন, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠি হচ্ছে নারী। তারা পুরুষ শাসিত সমাজ ব্যবস্থার যাতাকলে পৃষ্ট। এখানের নির্যাতিত, সুবিধাবঞ্চিত নারী সমাজ নিয়ে স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)" ১৯৮৯ সাল থেকে তৃণমূল পর্যায়ে কাজ করছে। বৃটিশ শাসনামল থেকে নলছিটি উপজেলার মগর ইউনিয়নের সকল নারীদের ভোটাধিকার ছিল নিষিদ্ধ। ওই ইউনিয়নের নারী সমাজ মনে করতেন ভোট কেন্দ্রে গিয়ে পুরুষের সামনে ভোটদান করা "মহাপাপ"। তাই বেসরকারী উন্নয়ন সংস্থা হিসেবে দুমাউস মগর ইউনিয়নসহ উপজেলার সবত্র গণসচেতনা মূলক এডভোকেসী, লবিং, মাইকিং, পোষ্টারিং, লিফলেট, সমাবেশ, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে। যার কারনে বিগত জাতীয় সংসদ নির্বাচনে এখানের অধিকাংশ নারী সমাজ তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। এছাড়া,

২ এর পাতায় ৬ এর কলাম দেখুন

## নলছিটিতে পিছিয়ে পাড়া

ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩ জন নারী সদস্য সরাসরি ভোটযুদ্ধে অংশগ্রহন করে নির্বাচিত হয়। আগের চেয়ে এখানের নারী সমাজ অনেক সচেতন। তারা বিভিন্ন বেসরকারী উন্নয়ন সংস্থা থেকে ঋণ গ্রহন, সভা-সমাবেশে যোগদান, মিছিল-মিটিংয়ে অংশ গ্রহন করে থাকে। নারীর অধিকার প্রতিষ্ঠায় দুমাউস ঝালকাঠি জেলার ১৮ টি ইউনিয়ন সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করছে। ওই সংস্থা ইউনিয়ন ভিত্তিক পর্যবেক্ষক দল এবং উপজেলা পর্যায়ে জেএফসি কমিটি গঠন করেছে। ওই কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন সমুহে এডভোকেসী, গণসচেতনতা, প্রশিক্ষন এবং আইনগত সহায়তা প্রদান করা হয়। নারী অধিকার প্রকল্পের মাধ্যমে দুমাউস ঝালকাঠি জেলার অধিকার বঞ্চিত পিছিয়ে পড়া নারী জনগোষ্ঠিকে নিয়ে নারী নির্যাতন, বাল্য বিবাহ, যৌতুক, বহু বিবাহ, আইন বর্হিভূত তালাক প্রথা উচ্ছেদ করতে তৃণমূল পর্যায়ে কাজ করছে। মগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রাজ্জাক জানান, নারী অধিকার প্রকল্প বাস্তবায়নের ফলে এ'অঞ্চলের পিছিয়ে পড়া নারী জনগোষ্ঠি তাদের অধিকার সম্পর্কে সচেতন এবং অধিকার প্রতিষ্ঠা করতে পারবে। মগর ইউনিয়ন পরিষদের, মহিলা সদস্য মোসাম্মৎ সাজেদা বেগম জানান, তিনি সহজ সরল একজন গৃহবধূ ছিলেন। স্বামী আদুল কাদের তাকে ছেড়ে অন্যত্র চলে যাওয়ার পরে স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা "দুঃস্থ মানব উন্নয়নস সোসাইটি (দুমাউস)" সদস্য হিসেবে ভর্তি হই। পরে ওই সংস্থার মাঠ কর্মী হিসেবে তৃণমূল পর্যায়ে কাজ শুরু করি। সদস্যদের অনুরোধে ইউপি নির্বাচনে অংশ গ্রহন করে বিপুল ভোটের ব্যাবধানে নির্বাচিত হই। চেয়ারম্যান পুরুষ হওয়ার কারনে অনেক সময় তাকে পাত্তা দিতে চায় না। তিনি ন্যায্য দাবী আদায় করতে একবার আদালতে দ্বারস্থ হয়েছিলেন। এখন পুরুষের পাশাপাশি সমাজ উন্নয়নে গুরুত্বপূন ভূমিকা পালন করি। তার জীবনে সফলতার সবচেয়ে বেশী অবদান বেসরকারী উন্নয়ন সংস্থা। তিনি আরোও জানান, এনজিও সহযোগিতায় ভারতসহ কয়েকটি দেশ সফর করেছেন। উপাজেলা সদরের খাসমহল বস্তি এলাকার এনায়েত হোসেনের স্ত্রী রুপবানী জানান, তার স্বামী হেলেনা নামের একটি মেয়েকে দ্বিতীয় বিবাহ করে অন্যত্র বসবাস করে। আর্থিক অভাব-অনাটনের সংসারের কথা চিন্তা করে রুপবানী ওই বস্তি এলাকায় "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) পরিচালিত পলাশ কেন্দ্রের একজন সদস্য হিসেবে ভর্তি হয়ে ৫ হাজার টাকা ঋণ গ্রহন করে। ওই টাকা দিয়ে ছোট একটি মুদি দোকান দেন। দ্বিতীয় দফা ঋনের টাকা রিক্সা ক্রয় করে ভাড়া দিতে দেন। এভাবে সে এখন ৫ খান রিক্সা এবং একটি মুদি দোকানের মালিক। স্ত্রীর আর্থিক স্বচ্ছলতা ফিরে আসার সাথে সাথে তার স্বামী এখন তার কাছে থাকেন। সে এনজিও'র সভা, সেমিনার এবং প্রশিক্ষণে অংশ গ্রহন করে চটপটে অকোতুভয় সংগ্রমী নারী হিসেবে গড়ে উঠেছে। সংস্থা'র প্রজেক্ট কো-অডিনের্টর এইচএম সিজার জানান, দুমাউস এখানের দরিদ্র জনগোষ্ঠির আত্মমানবতার সেবা তৃনমূল পর্যায়ে কাজ করছে। স্বাস্থ্য সেবা, নারীর ক্ষমতায়ণ, স্যানিটেশন, গ্রামীণ ক্ষুদ্রঋণ, গৃহায়ণ, প্রতিবন্ধী পূর্নবাসন এবং শিক্ষা কার্যক্রমের পাশাপাশি মানবাধিকা উন্নয়ন সবচেয়ে বেশী ভূমিকা দুমাউস রাখছে। দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ২০০৩ সালে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে জাতীয় পর্যায়ে পুরুস্কার পেয়েছে।

# মাসিক সুজাবাদ

রবিবার, ১৮ জৈষ্ঠ্য, ১ জুন-২০০৫ সাল


## ঝালকাঠি জেলায় প্রতিবন্ধী উন্নয়নে দুমাউস কাজ করছে

॥ সুজাবাদ রিপোর্ট ॥

বেসরকারী উন্নয়ন সংস্থা "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইট (দুমাউস)" ঝালকাঠি জেলার প্রতিবন্ধী অসহায়, বঞ্চিত জনগোষ্ঠি নিয়ে কাজ করছে। প্রতিবন্ধীদের স্বালম্বী করতে ইস্যূ ভিত্তিক প্রশিক্ষন এবং ঋণ দেয়া হয়। সিডিডি'র সহায়তায় দুমাউস কম্যুনিটি এপ্রোচেস টু হ্যান্ডিক্যাপ ইন ডেভেলপমেন্ট (সিএএইচডি)-প্রোগ্রাম ডিজাইন, ইমপিমেন্টেশন এন্ড ম্যানেজমেন্ট (পিডিআইএম), ম্যানেজমেন্ট অব পারসনস উইথ ইনটেলেকচ্যুয়াল ডিজএ্যাবিলিটি এন্ড অটিজম প্রশিক্ষন নিয়ে তৃনমূল পর্যায়ে কাজ করছে। ১৯৮৯ সাল থেকে দুমাউস প্রতিবন্ধীদের উন্নয়নে কাজ করছে। শারিরীক, বাক, দৃষ্টি, শ্রবন প্রতিবন্ধীদের নিয়ে উঠান বৈঠক, আলোচনা সভা, র‍্যালী, প্রশিক্ষন এবং আয়বর্ধক কর্মসুচি বাস্তবায়ন করা হয়। এছাড়া, প্রতিবন্ধীদের সাথে স্বাবিক আচারন করার জন্য সচেতনতা কাযক্রম বাস্তবায়ন করা হয়। চলতি অর্থ বছরে ১০ জন প্রবিন্ধীকে সাদাছড়ি, হুইল চেয়ার, ক্রাচ, চশমা দেয়া হয়েছে। প্রতিবন্ধীদের নিয়ে মাঠ পর্যায়ে কাজ করার বাস্তব অজ্ঞিতা বর্ননা করেন সংস্থার প্রোজেক্ট কো-অডিনেটর এইচএম হাসান আল-মামুন। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আখতার হোসেন জানায়, দুমাউস এ'অঞ্চলের প্রতিবন্ধী নিয়ে দীর্ঘ দিন কাজ করছেন। নলছিটি পৌরসভার চেয়ারম্যান মাছুদ খান জানান, প্রতিবন্ধী নিয়ে শুধু দুমাউস'ই কাজ করেন।

বরিশাল, শুক্রবার, ২০ জানুয়ারি ২০০৬
৭ মাঘ ১৪১২, ১৯ জিলহজ্ব ১৪২৬
দৈনিক
বরিশালবার্তা

# দুমাউস ঝালকাঠি জেলার আর্থ সামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে

আল-আমিন তালুকদার *নলছিটি থেকে*

দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক ও মানবাধিকার প্রতিষ্ঠার পাশাপাশি *দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)* ঝালকাঠি জেলায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এলাকাবাসী ও দুমাউস অফিসসূত্রে জানা গেছে, ১৯৮৯ সাল থেকে দরিদ্র, অসহায় জনগোষ্ঠিকে নিয়ে দুমাউস ঝালকাঠি জেলায় কাজ করছে। পিছিয়েপড়া জনগোষ্ঠিকে নিয়ে সচেতনতা কার্যক্রমের পাশাপাশি বয়স্ক শিক্ষাকার্যক্রম চালু করা হয়। নলছিটি উপজেলার রানাপাশা ও নাচনমহল ইউনিয়নে বিশ্বব্যাংকের অর্থায়নে উপানুষ্ঠানিক অধিদপ্তরের সহযোগিতায় পিএলসিইএইচডি-১ প্রকল্পের মাধ্যমে ১৫টি শিক্ষাকেন্দ্র চালু করা হয়েছে। টিনশেড ঘর নির্মাণ করে লেখাপড়ার উপযোগী কেন্দ্রসমূহ তৈরি করা হয়েছে। পাঠদানের জন্য ২ জন সহায়ক-সহায়িকা নিয়োগ করা হয়েছে। কেন্দ্রসমূহে শিক্ষার্থীর উপকরণ টেলিভিশন, রেডিও, চেয়ার, টেবিল, র‍্যাক, স্টিলের আলমিরা, শতাধিক প্রকার বই এবং দুটি জাতীয় দৈনিক পত্রিকা সরবরাহ করা হয়। ওই কেন্দ্রসমূহে আত্মকর্মসংস্থান সৃষ্টি করার সহায়ক পাঠদান করা হয়। স্কুলগুলো তদারকি করার জন্য স্থানীয় সুশীলসমাজের নাগরিকদ্বারা কেন্দ্র *ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)* গঠন করা হয়েছে। ওই কমিটি মাসিক সভার মাধ্যমে এলাকার সমস্যা এবং সমাধানের উপায় খুঁজে বের করে দুমাউস কর্তৃপক্ষকে অবহিত করে। এছাড়া ফিল্ড তদারকি করার দায়িত্ব পালন করেন প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক, সুপারভাইজার, সমন্বয়কারী।

স্থানীয় সিএমসি সভাপতি মোঃ বাবুল মিয়া জানান, তার বয়সে আত্মকর্মসংস্থান সৃষ্টি করতে সহায়ক এনজিও এই প্রথম দেখেছেন। স্থানীয় ইউপি চেয়ারম্যান জানান, এ অঞ্চলের দারিদ্র জনগোষ্ঠির জন্য দুমাউস আশীর্বাদস্বরূপ। রানাপাশা ইউপি মেম্বার নুর আলম জানান, তার বাড়িতে দুস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) একটি শিক্ষাকেন্দ্র আছে। লেখাপড়ার মান অত্যন্ত সুন্দর। দুমাউস পরিচালিত কেন্দ্রসমূহ মানুষ গড়ার কারিগর। শিক্ষাকেন্দ্রের সহায়ক মোঃ রুহুল আমিন জানান, দুমাউস ব্যবস্থাপনায় পরিচালিত কেন্দ্রসমূহে যথাযথ মনিটরিং এবং পদ্ধতিগত কারণে কেন্দ্রসমূহ ভালো চলছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আখতার হোসেন জানান, দুমাউস'র কার্যক্রম ভালো এবং দরিদ্র জনগোষ্ঠির উন্নয়নে কাজ করে। এছাড়া দুমাউস'র অর্থায়নে প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম, গ্রামীণ ক্ষুদ্রঋণ, মৎস্য চাষ, পরিবেশ উন্নয়ন এবং নারী শিক্ষা উন্নয়নে কাজ করছে। দুমাউস'র পরিচালক এইচ এম আখতারুজ্জামান জানান, দরিদ্র জনগোষ্ঠির ভাগ্যোন্নয়ন করা দুমাউস'র লক্ষ্য। উপজেলার কুলকাঠি, রানাপাশা, নাচনমহল, ভৈরবপাশা, মগড়, দপদপিয়া এবং নলছিটি পৌরসভায় ১০ হাজার সুবিধাভোগী রয়েছে।

দৈনিক
বরিশালবার্তা
বরিশাল ॥ শুক্রবার ॥ ৯ জুন ২০০৬ ॥ ২৬ জ্যৈষ্ঠ ১৪১৩

# পিছিয়েপড়া নারী নিয়ে দুমাউস তৃণমূল পর্যায়ে কাজ করছে

এইচ এম আখতারুজ্জামান

পিছিয়েপড়া গ্রামীণ অবহেলিত, অসচেতন, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী হচ্ছে নারী। তারা পুরুষশাসিত সমাজব্যবস্থার যাতাকলে পিষ্ট। এখানের নির্যাতিত, সুবিধাবঞ্চিত নারীসমাজ নিয়ে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা *দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)* ১৯৮৯ সাল থেকে তৃণমূল পর্যায়ে কাজ করছে।

ব্রিটিশ শাসনামল থেকে নলছিটি উপজেলার মগর ইউনিয়নের নারীদের ভোটাধিকার ছিল নিষিদ্ধ। ওই ইউনিয়নের নারীসমাজ মনে করতেন ভোটকেন্দ্রে গিয়ে পুরুষের সামনে ভোটদান করা 'মহাপাপ'। তাই বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে দুমাউস মগর ইউনিয়নসহ উপজেলার সর্বত্র গণসচেতনতামূলক অ্যাডভোকেসি, লবিং, মাইকিং, পোস্টারিং, লিফলেট, সমাবেশ, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে। যার কারণে বিগত জাতীয় সংসদ নির্বাচনে এখানের অধিকাংশ নারী তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। এছাড়া, ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩ জন নারীসদস্য সরাসরি ভোটযুদ্ধে অংশগ্রহণ করে নির্বাচিত হন।

আগের চেয়ে এখানের নারীসমাজ অনেক সচেতন। তারা বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থা থেকে ঋণগ্রহণ, সভা-সমাবেশে যোগদান, মিছিল-মিটিঙে অংশগ্রহণ করে থাকেন। নারীর অধিকার প্রতিষ্ঠায় দুমাউস ঝালকাঠি জেলার ১৮টি ইউনিয়নে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে। ওই সংস্থা ইউনিয়নভিত্তিক পর্যবেক্ষক দল এবং উপজেলা পর্যায়ে জেএফসি কমিটি গঠন করেছে। ওই কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়নসমূহে অ্যাডভোকেসি, গণসচেতনতা, প্রশিক্ষণ এবং আইনগত সহায়তা প্রদান করা হয়। নারী অধিকার প্রকল্পের মাধ্যমে দুমাউস ঝালকাঠি জেলার অধিকারবঞ্চিত পিছিয়েপড়া নারী জনগোষ্ঠীকে নিয়ে নারীনির্যাতন, বাল্যবিয়ে, যৌতুক, বহুবিয়ে, আইনবহির্ভূত তালাকপ্রথা উচ্ছেদ করতে তৃণমূল পর্যায়ে কাজ করছে।

মগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রাজ্জাক জানান, নারী অধিকার প্রকল্প বাস্তবায়নের ফলে এ অঞ্চলের পিছিয়েপড়া নারী জনগোষ্ঠী তাদের অধিকার সম্পর্কে সচেতন হতে এবং অধিকার প্রতিষ্ঠা করতে পারবে। মগর ইউনিয়ন পরিষদের মহিলা সদস্য মোসাম্মৎ সাজেদা বেগম জানান, তিনি সহজ-সরল একজন গৃহবধু ছিলেন। স্বামী আব্দুল কাদের তাকে ছেড়ে অন্যত্র চলে যাওয়ার পরে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) সদস্য হিসেবে ভর্তি হন।

পরে ওই সংস্থার মাঠকর্মি হিসেবে তৃণমূল পর্যায়ে কাজ শুরু করেন তিনি। সদস্যদের অনুরোধে ইউপি নির্বাচনে অংশগ্রহণ করে বিপুল ভোটের ব্যবধানে নির্বাচিত হন। চেয়ারম্যান পুরুষ হওয়ার কারণে অনেক সময় তাকে পাত্তা দিতে চান না। তিনি ন্যায্য দাবি আদায় করতে একবার আদালতের দ্বারস্থ হয়েছিলেন। এখন পুরুষের পাশাপাশি সমাজ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন তিনি। তার জীবনে সফলতার সবচেয়ে বেশি অবদান বেসরকারি উন্নয়ন সংস্থা। তিনি আরো জানান, এনজিও সহযোগিতায় ভারতসহ কয়েকটি দেশ সফর করেছেন।

উপজেলা সদরের খাসমহল বস্তি এলাকার এনায়েত হোসেনের স্ত্রী রূপবাণী জানান, তার স্বামী হেলেনা নামের একটি মেয়েকে দ্বিতীয় বিয়ে করে অন্যত্র বসবাস করেন। আর্থিক অভাব-অনটনের সংসারের কথা চিন্তা করে রূপবাণী ওই বস্তি এলাকায় দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) পরিচালিত প্রকল্প কেন্দ্রের একজন সদস্য হিসেবে ভর্তি হয়ে ৫ হাজার টাকা ঋণ গ্রহণ করেন। ওই টাকা দিয়ে ছোট একটি মুদিদোকান দেন।

দ্বিতীয় দফা ঋণের টাকায় রিকশা কিনে ভাড়া দিয়ে দেন। এভাবে তিনি এখন ৫ খানা রিকশা এবং একটি মুদিদোকানের মালিক। স্ত্রীর আর্থিক সচ্ছলতা ফিরে আসার সাথে সাথে তার স্বামী এখন তার কাছে থাকেন। রূপবাণী এনজিওর সভা সেমিনার এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করে চটপটে অকুতোভয় সংগ্রামী নারী হিসেবে গড়ে উঠেছেন।

সংস্থার প্রজেক্ট কো-অর্ডিনেটর এইচ এম সিজার জানান, দু'মাউস এখানের দরিদ্র জনগোষ্ঠির আর্তমানবতার সেবায় তৃণমূল পর্যায়ে কাজ করছে। স্বাস্থ্যসেবা, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশন, গ্রামীণ ক্ষুদ্রঋণ, গৃহায়ন, প্রতিবন্ধী পুনর্বাসন এবং শিক্ষাকার্যক্রমের পাশাপাশি মানবাধিকার উন্নয়নে সবচেয়ে বেশি ভূমিকা দুমাউস রাখছে। দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ২০০৩ সালে স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে জাতীয় পর্যায়ে পুরস্কার পেয়েছে।

পাক্ষিক
# মেঠো বার্তা
পটুয়াখালী ১ কার্তিক ১৬ অক্টোবর ২০০৬

## নলছিটিতে পিছিয়ে পরা নারীদের নিয়ে দুমাউস তৃণমূল পর্যায়ে কাজ করছে

**এমদাদুল হক মিলটন :** পিছিয়ে পড়া গ্রামীণ অবহেলিত, অসচেতন, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠি হচ্ছে নারী। তারা পুরুষ শাসিত সমাজ ব্যবস্থার যাতাকলে পৃষ্ঠ। এখানের নির্যাতিত, সুবিধাবঞ্চিত নারী সমাজ নিয়ে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) ১৯৮৯ সাল থেকে তৃণমূল পর্যায়ে কাজ করছে। ব্রিটিশ শাসনামল

*এরপর পৃষ্ঠা ৬*



*ঋণ নিয়ে মাছ মাছচাষ করছেন এক নারী* - *এমদাদুল হক মিলটন*

## নারীদের নিয়ে দুমাউস

*শেষ পৃষ্ঠার পর*

থেকে নলছিটি উপজেলার মগর ইউনিয়নর সকল নারীদের ভোটাধিকার ছিল নিষিদ্ধ। ওই ইউনিয়নের নারী সমাজ মনে করতেন ভোট কেন্দ্রে গিয়ে পুরুষের সামনে ভোটদান করা "মহাপাপ"। তাই বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে দুমাউস মগর ইউনিয়নেসহ উপজেলার সবত্র গণসচেতনামূলক অ্যাডভোকেসি, লবিং, মাইকিং, পোষ্টারিং, লিফলেট, সমাবেশ, প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে। যার কারণে বিগত জাতীয় সংসদ নির্বাচনে এখানের অধিকাংশ নারী সমাজ তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। এছাড়া, ইউনিয়ন পরিষদ নির্বাচনে ৩ জন নারী সদস্য সরাসরি ভোটযুদ্ধে অংশগ্রহণ করে নির্বাচিত হয়। আগের চেয়ে এখানের নারী সমাজ অনেক সচেতন। তারা বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থা থেকে ঋণ গ্রহণ, সভা সমাবেশে যোগদান, মিছিল মিটিংয়ে অংশগ্রহণ করে থাকে। নারীর অধিকার প্রতিষ্ঠায় দুমাউস ঝালকাঠি জেলার ১৮টি ইউনিয়ন সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা করছে। ওই সংস্থা ইউনিয়ন ভিত্তিক পর্যবেক্ষক দল এবং উপজেলা পর্যায়ে জেএফসি কমিটি গঠন করেছে। ওই কমিটির মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন সমূহে অ্যাডভোকেসি, গণসচেতনতা, প্রশিক্ষণ এবং আইনগত সহায়তা প্রদান করা হয়।

নারী অধিকার প্রকল্পের মাধ্যমে দুমাউস ঝালকাঠি জেলার অধিকার বঞ্চিত পিছিয়ে পড়া নারী জনগোষ্ঠিতে নিয়ে নারী নির্যাতন, বাল্যবিবাহ, যৌতুক, বহু বিবাহ, আইন বর্হিভূত তালাক প্রথা উচ্ছেদ করতে তৃণমূল পর্যায়ে কাজ করেছে। মগর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রাজ্জাক জানান, নারী অধিকার প্রকল্প বাস্তবায়নের ফলে এ অঞ্চলের পিছিয়ে পড়া নারী জনগোষ্ঠী তাদের অধিকার সম্পর্কে সচেতন এবং অধিকার প্রতিষ্ঠা করতে পারবে। মগর ইউনিয়ন পরিষদের মহিলা সদস্য মোসামৎ সাজেদা বেগম জানান, তিনি সহজ সরল একজন গৃহবধূ ছিলেন। স্বামী আদুর কাদের তাকে ছেড়ে অন্যত্র চলে যাওয়া পরে স্থানীয় বেসরকারি উন্নয়ন সংস্থা "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস)" সদস্য হিসেবে ভর্তি হই। পরে ওই সংস্থার মাঠকর্মী হিসেবে তৃণমূল পর্যায়ে কাজ শুরু করি। সদস্যদের অনুরোধে ইউপি নির্বাচনে অংশগ্রহণ করে বিপুল ভোটের ব্যাবধানে নির্বাচিত হই। চেয়ারম্যান পুরুষ হওয়ার কারণে অনেক সময় তাকে পাত্তা দিতে চায় না। তিনি ন্যায্য দাবি করতে একবার আদালতে দ্বারস্থ হয়েছিলেন। এখন পুরুষের পাশাপাশি সমাজ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করি। তার জীবনে সফলতার সবচেয়ে বেশি অবদান বেসরকারি উন্নয়ন সংস্থা। তিনি আরোও জানান, এনজিও সহযোগিতায় ভারতসহ কয়েকটি দেশ সফল করেছেন। উপজেলা সদরের খাসমহল বস্তি এলাকার এনায়েত হোসেনের স্ত্রী রুপবানী জানান, তার স্বামী হেলেনা নামের একটি মেয়েকে দ্বিতীয় বিবাহ করে অন্যত্র বসবাস করি। আর্থিক অভাব-অনটনের সংসারের কথা চিন্তা করে রুপবানী ওই বস্তি এলাকায় "দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) পরিচালিত পলাশ কেন্দ্রের একজন সদস্য হিসেবে ভর্তি হয়ে ৫ হাজার টাকা ঋণ গ্রহণ করে। ওই টাকা দিয়ে ছোট একটি মুদি দোকান দেই। দ্বিতীয় দফা ঋণের টাকা রিক্‌শা ক্রয় করে ভাড়া দেই। এখন ৫ খানা রিক্‌শা এবং একটি মুদি দোকানের মালিক। আর্থিক স্বচ্ছলতা ফিরে আসার সাথে সাথে স্বামী এখন আমার কাছে থাকেন। সে এনজিও'র সভা, সেমিনার এবং প্রশিক্ষণে অংশগ্রহণ করে চটপটে অকোতুভয় সংগ্রমী নারী হিসেবে গড়ে উঠেছে। খাসমহল এলাকার কবিরের স্ত্রী ডালিম বেগম দুমাউস থেকে ঋণ নিয়ে বস্তি এলাকার পুকুরে মাছ চাষ করে সফলতার মুখ দেখেছেন বলে এ প্রতিবেদককে জানিয়েছেন। দুমাউসের নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান জানান, দুমাউস এ অঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করছে। এ জন্য সকলের সহযোগিতা প্রয়োজন।

শেষ পাতা
২ কলাম

দৈনিক আল আমীন
THE DAILY AL AMEEN
বৃহস্পতিবার ১ জ্যৈষ্ঠ ১৪১৫ বাংলা ৯ জমাঃ আউঃ ১৪২৯ হিজরী ১৫ মে ২০০৮ ইং

# দুমাউস স্যানিটেশন নিয়ে কাজ করছে

◆ মোঃ বেলাল হোসেন ◆

ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার কুলকাঠি ইউনিয়নকে শতভাগ স্যানিটেশন প্রকল্পের আওতায় কভারেজ দিতে বেসরকারি উন্নয়ন প্রতিষ্ঠান দুস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) তৃণমূল পর্যায়ে কাজ করছে। বালাদেশ এনজিও ফাউন্ডেশনের সহায়তায়

কুলকাঠি ইউনিয়নের ১৩টি গ্রামে উঠান বৈঠক, ফ্রি রিং স্লাব বিতরণ, উদ্বুদ্ধকরণ সভা, আলোচনা সভা, র‍্যালি পোস্টার ও স্টীকার বিতরণ করা হচ্ছে।

দুমাউস গ্রামাঞ্চলের অসহায়, সুবিধা বঞ্চিত, অচেতন জনগোষ্ঠীকে স্বাস্থ্য ও স্যানিটেশন সম্পর্কে সচেতন করতে মাঠ পর্যায়ে কার্যক্রম পরিচালনা করছে। গত রোববার কুলকাঠি ইউনিয়নের পাওতা প্যাদা বাড়িতে খাদিজা বেগমের সভাপতিত্বে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। অবহেলিত মানুষকে উদ্বুদ্ধ করতে বক্তব্য দেন দুমাউস এর ফিল্ড অফিসার মালতী রানী দাস, প্রজেক্ট অফিসার মোঃ কামাল হোসেন, শাখা ম্যানেজার সুমন্ত চন্দ্র ভাট প্রমুখ।

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের সহায়তায় দুস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) ওই এলাকার শত শত সুবিধা বঞ্চিত এবং হতদরিদ্র মানুষকে সচেতন করতে সক্ষম হয়েছে। কুলকাঠি ইউনিয়ন পরিষদের সদস্য ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ হুমায়ুন কবির জানান, দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) কুলকাঠি ইউনিয়নে স্যানিটেশন প্রকল্প ছাড়াও স্বাস্থ্য সেবা, প্রতিবন্ধী জনগোষ্ঠীর উন্নয়ন, সু-শাসন, নারীর ক্ষমতায়ন,বনায়ন, আয়বর্ধক কর্মসূচি, লাইভলী হুড প্রোগাম নিয়ে কাজ করছে।

উন্নয়ন সাংবাদিকতার জাতীয় দৈনিক
# ভোরের ডাক
SUNDAY 25 APRIL 2004



# নলছিটির গ্রামীণ আর্থসামাজিক উন্নয়নে দুস্থ মানব উন্নয়ন সংস্থা

কেএম সবুজ নলছিটি থেকে : দুস্থ মানব উন্নয়ন সংস্থা নলছিটিতে ব্যাপক সাড়া জাগিয়েছে। ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় ১৯৮৯ সালে এ সংগঠনটি জন্মলাভ করে। নলছিটিবাসীর কল্যাণে এ সংস্থাটি বেশ ভাল ভূমিকা রাখছে। শুরু থেকেই দুমাউস গ্রামীণ সমাজের মানুষের আর্থসামাজিক উন্নয়ন, মানবাধিকার সংরক্ষণ, ও শিক্ষা নিয়ে ব্যাপক কাজ করছে। ব্যক্তিগত উদ্যোগে প্রতিষ্ঠিত এ সংস্থাটি সামান্য মূলধন নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে এর মূলধন ৩০ লাখ টাকা বলে সংস্থা সূত্রে জানা গেছে। স্বল্প সময়ের মধ্যে দুমাউস নলছিটিতে ইতোমধ্যে বেশকিছু প্রকল্প চালু করেছে। এর মধ্যে [illegible] [illegible] [illegible] মানুষের কল্যাণে ব্যাপক ভূমিকা রাখছে। দুমাউস উপজেলার পাওতা গ্রামের মৎস্য প্রকল্প হাতে নিয়েছে। এ প্রকল্প দিয়ে প্রতিবছর ৪/৫ লাখ টাকা [illegible] [illegible] চালু করা হয়েছে। কৃষি উন্নয়নে কীটনাশক সার ব্যবহার নিয়ন্ত্রণ বিষয়ে সভা-সেমিনারের মাধ্যমে সচেতনতাসহ কম্পোজট সার তৈরি করার প্রকল্প হাতে নিয়েছে এই সংস্থা। প্রতিবছর গরিবদের মাঝে বিনামূল্যে গাছের চারা বিতরণ, কাঁচা ও খোলা পায়খানা বন্ধ করতে গ্রামে সচেতনতামূলক প্রচারাভিযানের পাশাপাশি গরিবদের মাঝে রিং-স্লাব বিতরণের কাজও চলছে এ সংস্থার মাধ্যমে। শিক্ষা ক্ষেত্রেও দুমাউস নলছিটিতে ভাল ভূমিকা রাখছে। এলাকার অশিক্ষিত জনগোষ্ঠীকে শিক্ষিত হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ১৯৯২ সাল থেকে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করেছে। নিজস্ব উদ্যোগে প্রশিকা ও সরকারের সহযোগিতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে এর কাজ চলছে। বর্তমানে মানব উন্নয়নের জন্য [illegible] [illegible] মাধ্যমে ১৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করা হয়েছে। সংস্থার নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান বাচ্চুর কাছে তার সংস্থার বিষয়ে জানতে চাইলে তিনি ভোরের ডাককে জানান, সকলের সার্বিক সহযোগিতার মাধ্যমে [illegible] এলাকার অসহায় দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নই এ সংস্থার একমাত্র লক্ষ্য। এ লক্ষ্য নিয়েই সামনের দিকে এগিয়ে যাচ্ছি। বর্তমানে এ সংস্থাটি ঝালকাঠি সদর, বরিশাল, পিরোজপুর জেলায় কাজ করছে।

দৈনিক শাহনামা
THE DAILY SHAHNAMA
বরিশাল ঃ মঙ্গলবার ৬ কার্তিক ১৪১০ সাল
Barisal: Tuesday 21 October—2003

# আর্থ সামাজিক উন্নয়নে দুঃস্থ মানব উন্নয়ন সংস্থা ব্যাপক সাড়া জাগিয়েছে নলছিটিতে

কে, এম, সবুজ নলছিটিঃ ১৯৮৯ সালে নলছিটিতে দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার নামে একটি সংগঠন প্রতিষ্ঠা লাভ করে। এ সংগঠনের কার্যক্রম নলছিটির মানুষের কল্যানে বেশ ভাল ভুমিকা রাখছে। এর কার্যক্রম ব্যাপকভাবে সাড়া জাগিয়েছে শুরু থেকেই এ সংগঠনটি গ্রামীন সমাজের মানুষের আর্থ সামাজিক উন্নয়ন মানবাধিকার সংরক্ষন ও শিক্ষা কার্যক্রম নিয়ে কাজ করছে। কৃষি উন্নয়নে কীটনাশক সার ব্যবহার নিয়ন্ত্রন বিষয়ে সভা সেমিনার কম্পোষ্ট সার তৈরী করার প্রকল্প হাতে নিয়েছে এ সংস্থা ব্যক্তি উদ্যোগে প্রতিষ্ঠিত দুঃমাউস সামান্য মূলধন নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে এ সংস্থার মূলধন ৩০লাখ টাকা হয়েছে বলে সংস্থা সূত্রে জানা যায়। স্বল্প সময়ের মধ্যে দুমাউস নলছিটিতে ইতিমধ্যে বেশ কিছু প্রকল্প চালু করেছে। এর মধ্যে ঋনদান কর্মসূচী হল অন্যতম। এছাড়াও এ সংস্থা শতাধিক কেন্দ্রে সামতি গঠন করে প্রায় ৬শতাধিক গ্রুপ ... মাধ্যমে তাদের মূলক প্রচার অভিযানের পাশাপাশি গরীবদের মাঝে রিং স্লাব বিতরনের কাজও চলছে এ সংস্থার মাধ্যমে এলাকায় অশিক্ষিত জনগোষ্ঠিকে শিক্ষীত হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ১৯৯২ সালে উপআনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করছে।

বর্তমানে মানবউন্নয়নের জন্য স্বাক্ষর উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প ১৫এর মাধ্যমে ১৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করা হয়েছে। উক্ত সংস্থার নলছিটিতে ... বিভিন্ন এনজিওদের মধ্যে সমন্বয় সাধনে প্রশংসনীয় ভুমিকা রাখছে। সংস্থার নির্বাহী পরীচালক এইচ, এম আখতারুজ্জামান বাচ্চুর কাছে তার সংস্থার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন সকলের সার্বিক সহযোগীতার মাধ্যমে নলছীটিতে দীর্ঘদীন থেকে সংস্থার কার্যক্রম চালীয়ে আসছী অসহায় গরীব নীপিড়ীত জনগোষ্ঠির আর্থ সামাজীক উন্নয়নই এ সংস্থার একমাত্র লক্ষ্য।

অসহায় মানুষের কল্যানে ব্যাপক ভুমিকা রাখছে। দুমাউস পাওতা গ্রামে মৎস্য প্রকল্প হাতে নিয়েছে এ প্রকল্প দিয়ে প্রতিবছর ৪/৫লাখ টাকা আয় হয় বলে প্রকল্পের সদস্যরা জানিয়েছেন। বর্তমানে প্রত্যেক সদস্যদের পুকুরে মাছ চাষ প্রকল্প চালু করা হয়েছে। প্রতি বছর গরীবদের মাঝে বিনামূল্যে গাছের চারা বিতরন কাঁচা ও খোলা পায়খানা বন্ধ করতে গ্রামের সচেতনতা

# মাসিক সুজাবাদ

(একটি "দুমাউস" প্রকাশনা)

সংখ্যা ॥ ১ মে ২০০৫ ইং ॥ রবিবার ॥ ১৮ বৈশাখ ১৪১২ ॥ মূল্য = ৩.০০ টাকা ৮


# ঝালকাঠি জেলায় দুমাউস দরিদ্র জনগোষ্ঠির ভাগ্য বদলে দিয়েছে

॥ মোঃ কামাল হোসেন ॥

ঝালকাঠি জেলায় দারিদ্র বিমোচনে দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। এখানকার অধিকাংশ জনগোষ্ঠি দারিদ্র সীমার নীচে বসবাস করছে। তাদের আর্থিক ভাবে স্বাবলম্বী করতে স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থা দুমাউস ১৯৮৯ সাল থেকে মাইক্রো ক্রেডিট নিয়ে কাজ করছে। দুমাউস স্থানীয় দরিদ্র জনগোষ্ঠিকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করতে বিভিন্ন ইস্যু নিয়ে প্রশিক্ষন দিয়ে প্রকল্প ভিত্তিক ঋণ বিতরন করে। দুমাউস এর সহযোগিতায় আর্থিক স্বচ্ছলতা ফিরে আসা খাসমহল এলাকার পারভীন আক্তার, এনায়েত মিয়ার স্ত্রী, তিমিরকাঠি গ্রামের মঞ্জু রানী, বহরমপুর গ্রামের তাছলিমা, ডহরপাড়া গ্রামের রওশনারা বেগ, মঞ্জু বেগম, প্রতাব গ্রামের মনোয়ারা বেগমসহ ঐসকল এলাকার শতাধিক মহিলার জানান, দুমাউস আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি স্বাস্থ্য- শিক্ষা এবং মানবাধিকার বিষয় নিয়ে কাজ করছেন।

নলছিটি উপজেলার অসহায় বঞ্চিত জনগোষ্ঠির অধিকার প্রতিষ্ঠা করতে ইতিমধ্যে নারীর ক্ষমতায়নের লক্ষে বিভিন্ন ইস্যু নিয়ে সচেতনতা মুলক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সংস্থার কার্যনির্বাহী পরিষদের সহকারী সেক্রেটারী জেনারেল নাজমা আক্তার জানান, দুমাউস মাইক্রো ক্রেডিট ছাড়াও নারী উন্নয়নে ঝালকাঠি জেলায় গুরুত্বপূন অবদান রেখেছেন। সংস্থার মাইক্রো ক্রেডিট প্রকল্পে প্রায় ৪ হাজার, পিএলসিইএইচডি-১ প্রকল্পের আওতায় ২ হাজার ৭ শত এবং ২ শতাধিক প্রতিবন্ধী সুবিধাভোগী পরিবার দুমাউস এর সহযোগিতায় বিভিন্ন ধরনের আয়-বর্ধক কর্মসুচি বাস্তবায়ন করছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আখতার হোসেন জানান, দুমাউস ঝালকাঠি জেলায় দারিদ্র বিমোচন, মানবাধিকার সংরক্ষন, শিক্ষা কার্যক্রম এবং স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে উলেখযোগ্য অবদান রাখছেন।

আজকের পরিবর্তন
THE DAILY AJKER PARIBARTAN
বরিশাল ▫ রবিবার ▫ ৭ অগ্রহায়ণ ১৪১১ ▫ ৭ শাওয়াল ১৪২৫ ▫ ২১ নভেম্বর ২০০৪

# নলছিটিতে নারী অধিকার বাস্তবায়নে দুমাউসের জেএফসি গঠন

নলছিটি প্রতিবেদক ॥ দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটির (দুমাউস) বাস্ত বায়নাধীন "নারী অধিকার" প্রকল্পের উপজেলা পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন করতে " নলছিটি উপজেলা জাস্টিস্ ফ্যাসিলেটেশন কমিটি (জেএফসি)" গত বৃহস্পতিবার সকাল ১০ টায় নলছিটিস্থ দুমাউস কার্যালয় গঠন করা হয়। এতে সভাপতিত্ব করেন বিশিষ্ট মুক্তিযোদ্ধা মোঃ তাজুল ইসলাম দুলাল চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন-দুমাউস এর নির্বাহী পরিচালক এইচএম আখতারুজ্জামান। প্রকল্পের আদর্শ, উদ্দেশ্য, মানবাধিকার লংঘনের চিত্র, বঞ্চিত, অসহায়, নির্যাতিত নারীদের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন-দুমাউস সমন্বয়কারী মোঃ আবুল হোসেন, প্রকল্প কর্মকর্তা মিসেসঃ পারভীজা আকতার, সাংবাদিক ডাঃ ইউসুফ আলী তালুকদার, মিলন কান্তি দাস, নলছিটি প্রেসক্লাবের সহ-সম্পাদক মোঃ এমদাদুল হক মিলটন, সংরক্ষিত আসনের মহিলা কমিশনার রোজিনা বাবুল, দুমাউস এর ঝালকাঠী সদর উপজেলা প্রকল্প কর্মকর্তা মোঃ জাহিদ হোসেন, প্রোগ্রাম অফিসার মোঃ কামাল হোসেন, মোঃ বেল্লাল হোসেন, অরুন বরণ হালদার প্রমুখ। আলোচনা শেষে স্থানীয় সুশীল সমাজের নাগরিক, নারী জনপ্রতিনিধি এবং আইনজীবী নিয়ে "নলছিটি উপজেলা জাস্টিস্ ফ্যাসিলেটেশন কমিটি (জে এফ সি)" গঠন করা হয়। সাউথ এশিয়া পার্টনারশীপ বাংলাদেশের (স্যাপ) সহযোগীতায় "মানুষের জন্য"দাতার অর্থ সহায়তায় "নারী অধিকার" প্রকল্প দুমাউস ঝালকাঠী জেলায় বাস্তবায়ন করবে। প্রকল্প বাস্তবায়নে স্থানীয়ভাবে জেএফসি সার্বিক সহযোগিতা প্রদান। জেএফসির উপদেষ্টা নির্বাচন করা হয় নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আখতার হোসেন এবং আহবায়ক বিশিষ্ট্য মুক্তিযোদ্ধা মোঃ তাজুল ইসলাম দুলাল চৌধুরী এবং সদস্য সচিব দুমাউস এর নলছিটি উপজেলা প্রকল্প কর্মকর্তা মিসেসঃ পারভীজা আকতার নির্বাচিত হয়। কমিটির অপর সদস্য হলেন, নলছিটি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মিলন কান্তি দাস, স্থানীয় চিকিৎসক ডাঃ মোঃ ইউসুফ আলী তালুকদার, নলছিটি প্রেসক্লাবের সহ-সম্পাদক মোঃ এমদাদুল হক মিলটন, ইমাম সমিতির নলছিটি উপজেলা সভাপতি মাওলানা মোঃ জাকির হোসেন, ঝালকাঠী জেলা আইনজীবী সমিতির সদস্য এডভোকেট মোঃ মিজানুর রহমান মোল্লা, নারী জনপ্রতিনিধি পৌর কমিশনার রোজিনা বাবুল, চম্পা বেগম, নার্গিস আরা খলিল, ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যা মিসেসঃ সাজেদা বেগম, মিসেসঃ লাল মতি বেগম, মিসেসঃ নাসিমা বেগম, মিসেসঃ লতিফা বেগম, মিসেসঃ মুকুল বেগম, মিসেসঃ নাসিমা বেগম নির্বাচিত হয়। "নলছিটি উপজেলা জাস্টিস্ ফ্যাসিলেটেশন কমিটি (জেএফসি)". এলাকার মানবাধিকার প্রতিষ্ঠায় অসহায়, নির্যাতিত, বঞ্চিত নারীদের নিয়ে কাজ করবে।

দৈনিক

নগর সংস্করণ

# দিনকাল

THE DAILY DINKAL

০১ ॥ বর্ষ ১৯ সংখ্যা ২৭৭ ॥ বৃহস্পতিবার ২ আষাঢ় ১৪১২ ॥ ৮ জমাদিউল আউয়াল ১৪২৬ ॥ Thursday 16 June 2005 ॥ পৃষ্ঠা ১২ মূ




নলছিটি (ঝালকাঠি) : দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটির উদ্যোগে দলীয় নেতাদের প্রশিক্ষণ অনুষ্ঠান - দিনকাল

## বঞ্চিত জনগোষ্ঠী নিয়ে দুমাউস কাজ করছে

নলছিটি (ঝালকাঠি) প্রতিনিধি

ঝালকাঠি জেলায় দারিদ্র্য বিমোচনে দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি (দুমাউস) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এখনকার দরিদ্র জনগোষ্ঠীকে আর্থিকভাবে স্বাবলম্বী করতে বেসরকারি উন্নয়ন সংস্থা দুমাউস ১৯৮৯ সাল থেকে গ্রামীণ ক্ষুদ্র ঋণ কার্যক্রম বাস্তবাযন করছে। দুমাউস স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীকে প্রকল্প ভিত্তিক প্রশিক্ষণ দিয়ে ঋণ বিতরণ করে। দুমাউস-এর সহযোগিতায় স্বাবলম্বী হওয়া খাসমহল এলাকার খোকন মোড়লের স্ত্রী পারভীন আক্তার, এনায়েত মিয়ার স্ত্রী রূপবানী, তিমিরকাঠি গ্রামের মঞ্জু রানী, বহরমপুর গ্রামের তাছলিমা, ডহরপাড়া গ্রামের রওশনারা বেগম, মঞ্জু বেগম, প্রতাব গ্রামের মনোয়ারা বেগমসহ প্রকল্পভুক্ত এলাকার শতাধিক মহিলা জানায়, দুমাউস আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি স্বাস্থ্য-শিক্ষা, প্রতিবন্ধী উন্নয়ন এবং মানবাধিকার বিষয় নিয়ে কাজ করছে।

নলছিটি উপজেলার অসহায়, বঞ্চিত, নির্যাতিত জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠা করতে সচেতনতা, প্রশিক্ষণ এবং আয়বর্ধক কর্মসূচি বাস্তবায়ন করছে। সংস্থার সমন্বয়কারী মোঃ আবুল হোসেন জানায়, গ্রামীণ ক্ষুদ্র ঋণ ছাড়াও নারী উন্নয়নে ঝালকাঠি জেলায় দুমাউস গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। ঝালকাঠি জেলায় সংস্থার গ্রামীণ ক্ষুদ্র ঋণ প্রকল্পের আওতাভুক্ত প্রায় ৫ হাজার, পিএলসিইএইচডি-১ প্রকল্পের আওতায় ২ হাজার ৭শ' এবং ২ শতাধিক প্রতিবন্ধী সুবিধাভোগী পরিবারকে দুমাউস সহযোগিতা করছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা জানায়, দুমাউস ঝালকাঠি জেলায় দারিদ্র্য বিমোচন, মানবাধিকার সংরক্ষণ, শিক্ষা কার্যক্রম এবং স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখছে।

পৃষ্ঠা-০৭, কলাম-৪-৮ম, ব্যবসা-বাণিজ্য পাতা
তাং ১৬।০৬।" ২০০৫

## দুমাউস সাংস্কৃতিক কেন্দ্র ও পাঠাগার কমিটি গঠন

॥ সুজাবাদ রিপোর্ট ॥

দুঃস্থ মানব উন্নয়ন সোসাইটি'র (দুমাউস) ব্যবস্থাপনায় দুমাউস সাংস্কৃতিক কেন্দ্র ও পাঠাগার কমিটি গঠন করা হয়েছে। সম্প্রতি স্থানীয় সুধীজনের উপস্থিতিতে দুমাউস কার্যালয়ে এ'কমিটি গঠন করা হয়। সভাপতি এইচএম আখতারুজ্জামান, সহসভাপতি প্রভাষক মল্লিক মোঃ মনিরুজ্জামান, সাধারন সম্পাদক মিলন কান্তি দাস, কোষাধ্যক্ষ মোঃ এমদাদুল হক মিলটন, নির্বাহী সদস্য মোঃ আল-আমিন তালুকদার, দেলোয়ার হোসেন পান্নু, শাহীন আহমেদ।

০১।০৬।২০০৬

পরিবর্তন

বরিশাল ॥ ২য় বর্ষ॥২৯ তম সংখ্যা॥ রবিবার ॥৪ কার্তিক ১৪১০ ॥১৯ অক্টোবর২০০৩


# দুঃস্থ মানব উন্নয়ন সংস্থা সাড়া জাগিয়েছে নলছিটিতে

**এমদাদুল হক মিলটন, নলছিটি থেকে ॥** ঝালকাঠী জেলার নলছিটি উপজেলায় প্রতিষ্ঠিত দুঃস্থ মানব উন্নয়ন সংস্থার কার্যক্রম নলছিটিতে বেশ সাড়া জাগিয়েছে। এ সংস্থার কার্যক্রম নলছিটির মানুষের কল্যাণে বেশ ভাল ভূমিকা রাখছে। ১৯৮৯ সালে নলছিটিতে দুঃস্থ মানবউন্নয়ন সংস্থা নামের সংগঠনটি জন্মলাভ করে। শুরু থেকেই এ সংস্থাটি গ্রামীণ সমাজের মানুষের আর্থ সামাজিক উন্নয়ন, মানবাধিকার সংরক্ষণ ও শিক্ষা কার্যক্রম নিয়ে কাজ করছে। ব্যক্তি উদ্যোগে প্রতিষ্ঠিত দুমাউস সামান্য মূলধন নিয়ে যাত্রা শুরু করলেও বর্তমানে এ সংস্থার মূলধন ৩০ লাখ টাকা হয়েছে বলে সংস্থা সূত্রে জানা গেছে, স্বল্প সময়ের মধ্যে দুমাউস নলছিটিতে ইতিমধ্যে বেশ কিছু প্রকল্প চালু করেছে। এর মধ্যে ঋণদান কর্মসূচী হল অন্যতম। এছাড়া এ সংস্থা শতাধিক কেন্দ্র সমিতি গঠন করে প্রায় ৬ শতাধিক গ্রুপ গঠনের মাধ্যমে গ্রামের অসহায় মানুষের কল্যাণে ব্যাপক ভূমিকা রাখছে। দুমাউস পাওতা গ্রামে মৎস্য প্রকল্প হাতে নিয়েছে। এ প্রকল্প দিয়ে প্রতিবছর ৪/৫ লাখ টাকা আয় হয় বলে প্রকল্পের সদস্যরা জানিয়েছে। বর্তমানে প্রত্যেক সদস্যের পুকুরে মাছ চাষ প্রকল্প চালু করা হয়েছে। কৃষি উন্নয়নে কীটনাশক সার ব্যবহার নিয়ন্ত্রন বিষয়ে সভা সেমিনারের মাধ্যমে সচেতনতা সহ কম্পোষ্ট সার তৈরী করার প্রকল্প হাতে নিয়েছে এ সংস্থা। প্রতিবছর গরীবদের মাঝে বিনামূল্যে গাছের চারা বিতরণ, কাঁচা ও খোলা পায়খানা বন্ধ করতে গ্রামে সচেতনতামূলক প্রচারাভিযানের ;পাশাপাশি গরীবদের মাঝে রিং স্লাব বিতরণের কাজও চলছে এ সংস্থার মাধ্যমে। এ সকল কার্যক্রম পাওতা গ্রামে মডেল হিসেবে কাজ করছে বলে সংস্থার নির্বাহী পরিচালক জানান। শিক্ষা ক্ষেত্রেও দুমাউস নলছিটিতে ভূমিকা রাখছে। এলাকার অশিক্ষিত জনগোষ্ঠীকে শিক্ষিত হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ১৯৯২ সাল থেকে উপআনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালু করেছে। নিজস্ব উদ্যোগে প্রশিকা ও সরকারের সহযোগীতায় উপজেলার বিভিন্ন ইউনিয়নে এর কাজ চলছে। বর্তমানে মানবউন্নয়নের জন্য সাক্ষর উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প -১৫ এর মাধ্যমে ১৫টি বয়স্ক শিক্ষা কেন্দ্র চালু করা হয়েছে। দুমাউস মৌলিক, সামাজিক প্রশিক্ষণ, লিডারশিপ ট্রেনিং, বিভিন্ন বিষয়ে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ দিয়ে থাকে। উক্ত সংস্থাটি নলছিটিতে বিভিন্ন এনজিওদের মধ্যে সমন্বয় সাধনে প্রশংসনীয় ভূমিকা রাখছে। সংস্থার নির্বাহী পরিচালক এইচ এম আখতারুজ্জামান বাচ্চুর কাছে তার সংস্থার বিষয়ে জানতে চাইলে তিনি জানান, "সকলের সার্বিক সহযোগিতার মাধ্যমে নলছিটিতে দীর্ঘদিন থেকে সংস্থার কার্যক্রম চালিয়ে আসছি। এ এলাকার অসহায়, নিপীড়িত, দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক উন্নয়নই এ সংস্থার একমাত্র লক্ষ্য। এ লক্ষ্য নিয়েই সামনের দিকে এগিয়ে যাচ্ছি।

# দুমাউস সাংস্কৃতিক কেন্দ্র ও পাঠাগার চালু

॥ সুজাবাদ রিপোর্ট ॥

দুঃস্থ মান উন্নয়ন সোসাইটির (দুমাউস) ব্যবস্থাপনায় স্থানীয় সুধিজন, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সাংবাদিকদের নিয়ে দুমাউস সাংস্কৃতিক কেন্দ্র ও পাঠাগার কার্যক্রম চালু করা হয়। এপ্রকল্পের পদাধিকার বলে সোসাইটির নির্বাহী পরিচালক সভাপতির দায়িত্ব পালন করবেন। সাত সদস্য বিশিষ্ট্য কার্য্য নির্বাহী পরিষদ থাকবে। পাচঁ সদস্য বিশিষ্ট্য উপদেষ্টা পরিষদ নিয়োগ করা হবে। সোসাইটির চেয়ারম্যান পদাধিকার বলে উপদেষ্টা পরিষদের সদস্য হবেন। সাধারন পরিষদ গঠন করা হবে ২১ সদস্য বিশিষ্ট। সোসাইটি বিবিধ ও কল্যান তহবিল থেকে প্রতি বছর বই ক্রয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য বাজেট বরাদ্ধ করার সিদ্ধান্ত নিয়েছে।